



# Daily Monitoring Report

Directorate of Monitoring  
Bangladesh Betar, Dhaka  
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 11, 1432 Bangla, March 25, 2026, Wednesday, No. 81, 56<sup>th</sup> year

## H I G H L I G H T S

An International Monetary Fund (IMF) delegation, led by Krishna Srinivasan, director of the Asia & Pacific Department of IMF has met with PM Tarique Rahman in Dhaka. (Jago FM: 11)

Director of the Asia & Pacific Department of IMF Krishna Srinivasan has said the war in Middle East is putting pressure on the economy in Bangladesh, like in other countries. (Jago FM: 14)

The Bangladesh Energy Regulatory Commission has decided to increase jet fuel prices at the consumer level; the price has been increased by about 80 percent in one go. (Jago FM: 12)

A sufficient number of RAB members have been deployed across country from March 25 to 26 to maintain normal law & order on occasion of March 25, Genocide Day and March 26, Independence Day. (Jago FM: 14)

The administrators of Dhaka's two city corporations have signaled immediate & coordinated action to resolve the capital's growing traffic congestion after a meeting with the Prime Minister. (Jago FM: 15)

Home Minister & BNP standing committee member Salahuddin Ahmed has said the govt will take all steps, retaining the original spirit & aspirations of the July mass uprising. (Jago FM: 11)

Power, Energy and Mineral Resources Minister Iqbal Hassan Mahmood has said the normal process of fuel supply has been disrupted due to excessive demand from customers. (Jago FM: 14)

A Dhaka court has granted a 5-day remand for former army officer & ex-MP, Lieutenant General (retd) Masud Uddin Chowdhury, in a human trafficking case filed with Paltan Police Station in capital. (BBC: 03; Jago FM: 13)

A group of miscreants disrupted a Baul song event by launching an attack in Sreepur village of Bishwanath, Sylhet. (DW: 07)

Airstrikes battered Iran and Iranian missiles & drones targeted Israel's Tel Aviv & sites across the Mideast even as President Donald Trump said the USA was in talks with Iran to end the war. (DW: 07)

Director: 44813046

Deputy News Controller: 44813048  
44813179

Assistant News Controller: 44813047  
44813178

**দৈনিক মনিটরিং রিপোর্ট**  
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**  
**চৈত্র ১১, বাংলা ১৪৩২, মার্চ ২৫, ২০২৬, বুধবার, নং- ৮১, ৫৬তম বছর**

## শিরোনাম

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণ শ্রীনিবাসনের নেতৃত্বে সংস্থাটির একটি প্রতিনিধিদল ঢাকায় প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন। (জাগো এফএম: ১১)

আন্তর্জাতিক মুদ্রা তহবিল আইএমএফ এর এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণ শ্রীনিবাসন বলেছেন, যুদ্ধ পরিস্থিতি অন্যান্য দেশের মত বাংলাদেশে অর্থনীতিতেও চাপ তৈরি করছে। (জাগো এফএম: ১৪)

বাংলাদেশে উড়োজাহাজে ব্যবহৃত জ্বালানি জেট ফ্যুয়েলের দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন; একবারেই বাড়ানো হয়েছে প্রায় ৮০ শতাংশ দাম। (জাগো এফএম: ১২)

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ২৫ থেকে ২৬ মার্চ পর্যন্ত ঢাকাসহ সারাদেশে পর্যাপ্ত সংখ্যক র্যাব সদস্য মোতায়েন করা হয়েছে। (জাগো এফএম: ১৪)

রাজধানীর ক্রমবর্ধমান যানজট নিরসনে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকের পর তাৎক্ষণিক ও সমন্বিত পদক্ষেপের ইঙ্গিত দিয়েছেন ঢাকার দুই সিটি করপোরেশনের প্রশাসক। (জাগো এফএম: ১৫)

জুলাই গণঅভ্যুত্থানের মূলচেতনা ও আকাজক্ষাকে ধারণ করেই বর্তমান সরকার যাবতীয় পদক্ষেপ গ্রহণ করবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। (জাগো এফএম: ১১)

গ্রাহকদের অতিরিক্ত চাহিদার কারণে জ্বালানি তেল সরবরাহের স্বাভাবিক প্রক্রিয়াটা ভেঙে পড়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। (জাগো এফএম: ১৪)

রাজধানীর পল্টন থানায় করা মানবপাচার মামলায় সাবেক সংসদ সদস্য ও এক/এগারোর আলোচিত সাবেক সেনা কর্মকর্তা মাসুদ উদ্দিন চৌধুরীর পাঁচদিনের রিমাণ্ডে মঞ্জুর করেছেন আদালত। (বিবিসি: ০৩; জাগো এফএম: ১৩)

সিলেটের বিশ্বনাথ উপজেলার শ্রীপুর গ্রামে হামলা চালিয়ে বাউলগানের আসর পণ্ড করার ঘটনা ঘটেছে। (ডয়েচে ভেলে: ০৭)

ইসরায়েলকে লক্ষ্য করে ইরান একের পর এক ক্ষেপণাস্ত্র হামলা করেছে বলে জানিয়েছেন ইসরায়েলের সেনাবাহিনী। (ডয়েচে ভেলে: ০৭)

## বিবিসি

### ব্রাহ্মণবাড়িয়ায় মব সৃষ্টি করে যুবককে তুলে নিয়ে পিটিয়ে হত্যার অভিযোগ

ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলায় দ্বীন ইসলাম নামে এক যুবককে মব বা দলবদ্ধ বিশৃঙ্খলা সৃষ্টি করে বাড়ি থেকে তুলে নিয়ে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। কসবা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা নাজনীন সুলতানা বিবিসি বাংলাকে এ তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ এবং স্থানীয় সংবাদদাতাদের কাছ থেকে পাওয়া তথ্যে জানা যাচ্ছে, দ্বীন ইসলাম সামাজিক মাধ্যমে কন্টেন্ট তৈরি করতেন। তিনি মাদকসহ বিভিন্ন অপরাধ কর্মকাণ্ড নিয়ে অনুসন্ধানী কন্টেন্ট তৈরি করতেন বলে জানা গেছে। পুলিশ জানিয়েছে, মঙ্গলবার দুপুরে ২০ থেকে ৩০ জন ব্যক্তি মি. ইসলামের বাড়িতে হামলা চালিয়ে তাকে বাড়ি থেকে তুলে নিয়ে যায়। কয়েক ঘণ্টা পরে পার্শ্ববর্তী কুমিল্লা জেলার একটি স্থানে মৃত অবস্থায় পাওয়া যায় দ্বীন ইসলামকে। এ ঘটনার পেছনে সম্পত্তি, আধিপত্য এবং কন্টেন্ট সংক্রান্ত বিষয় জড়িত থাকতে পারে বলে ধারণা করছে পুলিশ। বিষয়টি নিয়ে একটি হত্যা মামলা প্রক্রিয়াধীন রয়েছে বলে জানাচ্ছে পুলিশ। তবে, ঘটনায় জড়িত কাউকে এখনো আটক বা গ্রেফতার করা হয়নি। (বিবিসি ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ এলিনা)

### 'ওয়ান ইলেভেন' আলোচিত মাসুদ উদ্দিন চৌধুরী কে? তার গ্রেফতার কেন গুরুত্বপূর্ণ?

বাংলাদেশে প্রায় ১৯ বছর আগে বহুল আলোচিত 'ওয়ান ইলেভেনের' সময় প্রভাবশালী সেনা কর্মকর্তা হিসেবে ব্যাপক আলোচিত অবসরপ্রাপ্ত লেফটেনেন্ট জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরীর পাঁচদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। সোমবার রাতে তাকে তার বারিধারার বাসা থেকে আটকের পর ঢাকার পল্টন থানায় মানবপাচারের একটি মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে উপস্থাপন করা হয় বলে জানিয়েছেন ডিবি'র অতিরিক্ত কমিশনার মো. শফিকুল ইসলাম। “তার বিরুদ্ধে ফেনীতে ছয়টি ও ঢাকায় পাঁচটি মামলার তথ্য পেয়েছি। এর মধ্যে ফেনীতে তিনটি মামলা বিচার্যধীন। উনি পলাতক থাকায় আদালত সেখানে তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা ইস্যু করেছেন। অন্য মামলাগুলোরও আমরা তদন্ত করছি,” এক সংবাদ সম্মেলনে বলেছেন মি. ইসলাম। এদিকে, মি. চৌধুরী আটক হওয়ার পর থেকেই ক্ষমতাসীন বিএনপি'র নেতাকর্মী ও সমর্থক থেকে শুরু করে অনেকেই 'ওয়ান ইলেভেন' ইস্যু সামনে এনে সামাজিক মাধ্যমে সরব হয়েছেন। তাদের অনেকেই এখনকার প্রধানমন্ত্রী তারেক রহমানকে ওই সময়ে আটক ও নির্যাতনের অভিযোগ করে, সেজন্য মি. চৌধুরীকেই দায়ী করছেন। ফলে রাজনৈতিক অঙ্গনে এখন এ প্রশ্নও উঠছে যে, এ গ্রেফতারের মাধ্যমে বিএনপি ওয়ান ইলেভেনের সঙ্গে সংশ্লিষ্টদের বিরুদ্ধে 'প্রতিশোধ' নিতে শুরু করলো কী-না। প্রসঙ্গত, বাংলাদেশে ২০০৭ সালের ১১ জানুয়ারিতে সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকার গঠনের বিষয়টিই 'ওয়ান ইলেভেন' হিসেবে পরিচিত।

### এই গ্রেফতার গুরুত্বপূর্ণ কেন?

ওই সময় যে কয়েকজন সেনাকর্মকর্তা খুবই প্রভাবশালী হয়ে উঠেছিলেন, তাদের মধ্যে একজন ছিলেন তিনি। “আর বিএনপি নিজেই ওয়ান ইলেভেনের ভিকটিম মনে করে। এ কারণেই অনেকে মাসুদ চৌধুরীর গ্রেফতারকে প্রতিশোধ মনে করতে পারেন। কিন্তু তার বিরুদ্ধে আরও অনেক অভিযোগ আছে। ফলে দেখতে হবে প্রকৃত অর্থে কী ধরনের অভিযোগ তার বিরুদ্ধে আনা হয়,” বিবিসি বাংলাকে বলছিলেন মি. আহমদ। বাংলাদেশে তত্ত্বাবধায়ক সরকারের প্রধান কে হবেন, এ ইস্যুতে রাজনৈতিক সংকটের জের ধরে ব্যাপক সহিংসতার প্রেক্ষাপটে মূলত সশস্ত্র বাহিনীর হস্তক্ষেপে বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. ফখরুদ্দীন আহমদের নেতৃত্বে একটি তত্ত্বাবধায়ক সরকার গঠন করা হয়েছিল ২০০৭ সালের ১১ জানুয়ারি। তখন সর্বশেষ অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি হিসেবে কে এম হাসান তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হওয়ার কথা থাকলেও, তাকে ঘিরেই রাজনৈতিক সংকট তৈরি হয়। এক পর্যায়ে মি. হাসান নিজেই দায়িত্ব নিতে অপারগতা জানানোর পর আওয়ামী লীগসহ কয়েকটি রাজনৈতিক দলের বিরোধিতার মধ্যেই রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহমেদ নিজেই তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে শপথ নিয়েছিলেন। এরপর বিরোধী দলগুলো এর প্রতিবাদে একের পর এক রাজনৈতিক কর্মসূচি ঘোষণা করলে দেশের বিভিন্ন স্থানে সহিংসতা দেখা দেয়। এর এক পর্যায়ে সশস্ত্র বাহিনীর হস্তক্ষেপে পদত্যাগ করে জরুরি অবস্থা জারি করেন ইয়াজউদ্দিন আহমেদ। দায়িত্ব নেয় ফখরুদ্দীন আহমদের সরকার। ওই সরকার প্রায় দুই বছর ক্ষমতায় থাকার পর ২০০৮ সালের ডিসেম্বরে সাধারণ নির্বাচন দিয়েছিল এবং সেই নির্বাচনে বিপুল সংখ্যাগরিষ্ঠতা পেয়ে ক্ষমতায় গিয়েছিল শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ। তবে, ২০০৭ সালের জানুয়ারিতে তখনকার প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন আহমদের প্রধান উপদেষ্টার পদ এবং তার উপদেষ্টা পরিষদ সদস্যদের পদত্যাগের পেছনে মূল ভূমিকা রেখেছিলেন তখনকার সেনাপ্রধান মইন ইউ আহমেদ। ওই সময় আরও তিনজন সেনাকর্মকর্তা ব্যাপক আলোচনায় এসেছিলেন। তারা হলেন- তখনকার নাইন ডিভিশনের জিওসি মেজর জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী, তখনকার ডিজিএফআইয়ের ভারপ্রাপ্ত ডিজি ফজলুল বারী ও তখনকার ডিজিএফআইয়ের আরেকজন কর্মকর্তা পরবর্তীতে অবসরপ্রাপ্ত মেজর জেনারেল এটিএম আমিন। এর মধ্যে মাসুদ উদ্দিন চৌধুরী ছাড়া অন্যদের কেউই দীর্ঘকাল ধরে দেশে নেই। যদিও ফখরুদ্দীন আহমদের তত্ত্বাবধায়ক সরকার ক্ষমতায় থাকাকালেই ২০০৮ সালের জুনেই মি. চৌধুরীকে সেনাবাহিনী থেকে সরিয়ে অস্ট্রেলিয়ায় বাংলাদেশের হাইকমিশনার করে পাঠানো হয়। এরপর আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এসে দুইবার তার মেয়াদ বৃদ্ধি করেছিল। যদিও মি. চৌধুরী হাইকমিশনার হিসেবে নিয়োগ পেয়ে দেশ ছাড়ার আগে দেশের শীর্ষস্থানীয় রাজনীতিক ও

ব্যবসায়ীদের আটকে ভূমিকা রেখে ব্যাপক আলোচনায় এসেছিলেন। রাজনৈতিক বিশ্লেষক ও ওয়ান-ইলেভেন সংক্রান্ত বই 'এক-এগারো'র লেখক মহিউদ্দিন আহমদ বলছেন, ওয়ান ইলেভেনের সবচেয়ে গুরুত্বপূর্ণ খেলোয়াড়দের একজন ছিলেন মাসুদ উদ্দিন চৌধুরী।

#### গুরুতর অপরাধ দমন অভিযান সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি গঠন

২০০৭ সালের ১১ জানুয়ারি শপথ নেওয়া ড. ফখরুদ্দীন আহমদের সরকার সে বছরের ৮ মার্চ তখনকার উপদেষ্টা এম এ মতিনকে চেয়ারম্যান এবং জেনারেল মাসুদ চৌধুরীকে প্রধান সমন্বয়কারী করে গুরুতর অপরাধ দমন অভিযান সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটি গঠন করেছিল। এই কমিটির সিদ্ধান্তেই শেখ হাসিনা এবং খালেদা জিয়াসহ প্রায় সব গুরুত্বপূর্ণ রাজনীতিককে তখন গ্রেফতার করা হয়েছিল। এমনকি তখন সারাদেশে যৌথ বাহিনীর কার্যক্রমও পরিচালিত হয়েছে এই কমিটিও নির্দেশনাতেই। তবে তারও আগে ফখরুদ্দীন আহমদের নেতৃত্বাধীন উপদেষ্টা পরিষদ গঠনেও মি. মাসুদ ভূমিকা রেখেছিলেন বলে তখনকার সেনাপ্রধান মইন ইউ আহমেদ তার 'শান্তির স্বপ্নে' বইয়ে উল্লেখ করেছেন। বইয়ের এক অংশে তিনি লিখেছেন যে, তারা তখন প্রধান উপদেষ্টা হওয়ার জন্য শুরুতে অধ্যাপক মুহাম্মদ ইউনুসকে প্রস্তাব দিলেও, তিনি তাতে রাজি হননি। “ড. ইউনুস অস্বীকৃতি জানানোর পর ড. ফখরুদ্দীনের নাম উঠে আসে। মেজর জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী ড. ফখরুদ্দীনের বাসায় যান এবং রাষ্ট্রপতির পক্ষ থেকে প্রধান উপদেষ্টার দায়িত্ব নেওয়ার জন্য অনুরোধ করেন। তখন গভীর রাত। আমি ড. ফখরুদ্দীনের বাসায় ফোন করলাম। তিনি সম্ভবত ঘুমিয়ে পড়েছিলেন। আমিও তাকে প্রধান উপদেষ্টার পদ গ্রহণে আমন্ত্রণ জানালাম।” এই লেখায় মইন ইউ আহমেদ নিজেই জানিয়েছেন যে, ২০০৭ সালের ১১ জানুয়ারি নাটকীয়তা, অনিশ্চয়তা ও ব্যস্ততার মধ্যদিয়ে ঘটনাবল্ল একটি দিন শেষ হয়েছিল। “যাকে আমি নাইন ইলেভেনের অনুকরণে নাম দিয়েছি ওয়ান ইলেভেন,” লিখেছেন মি. আহমেদ।

প্রসঙ্গত, নাইন ইলেভেনে যুক্তরাষ্ট্রে বড়ো ধরনের সন্ত্রাসী হামলা হয়েছিল, যা পুরো বিশ্বকে ঝাঁকুনি দিয়েছিল। এই বইতে উপদেষ্টা পরিষদ গঠনে মাসুদ উদ্দিন চৌধুরীর ভূমিকা প্রসঙ্গে তখনকার সেনাপ্রধান লিখেছেন, “এ সময়ে দেশের গোয়েন্দা বিভাগ ও সাভার ডিভিশনের জিওসি মেজর জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী উপদেষ্টা পরিষদ গঠনে সর্বাঙ্গিক সহায়তা নিয়ে এগিয়ে আসে। সাভার ডিভিশনের জিওসি দীর্ঘদিন ডিজিএফআইতে কর্মরত থাকার সুবাদে তার মতামত এ পরিষদ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।” তখন বিএনপি সরকারের সময়ে নির্বাচিত রাষ্ট্রপতির তত্ত্বাবধায়ক সরকারকে পদত্যাগে বাধ্য করে ফখরুদ্দীন আহমদের সরকার গঠন করা হয় এবং সেই সরকারের সময়ে খালেদা জিয়া ও তারেক রহমানসহ বিএনপির বহু নেতাকে আটক করা এবং সর্বোপরি সেই সরকারের সময়ে হওয়া নির্বাচনে বিএনপির শোচনীয় পরাজয় হয়েছিল। দলটির নেতাকর্মীরা মনে করেন, ২০০৭ সালের ২২ জানুয়ারির যে নির্বাচন বিএনপির সমর্থনে ইয়াজউদ্দিন আহমদের সরকার করতে চেয়েছিল, সেটি এই ওয়ান ইলেভেনের কারণেই বাতিল হয়েছিল। এর ১৯ বছর পর চলতি বছরের ফেব্রুয়ারির নির্বাচনের মাধ্যমে বিএনপি ক্ষমতায় ফিরে আসতে সক্ষম হয়েছে। যদিও এই নির্বাচনে কার্যক্রম নিষিদ্ধ থাকায় আওয়ামী লীগ অংশ নিতে পারেনি। মি. চৌধুরীকে আটকের ঘটনার পর বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু মঙ্গলবার তার তেরিফায়েড ফেসবুক পাতায় লিখেছেন, “প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানকে ধন্যবাদ। ১/১১-তে গণতন্ত্র হত্যাকারীদের গ্রেফতার শুরু করার জন্য।” “বিএনপি নেত্রীকে আটক ছাড়াও তারেক রহমানকে নির্যাতনের ঘটনা ঘটেছে। দলটির নেতাকর্মীরা তো মনে করেন, এর পেছনে মাসুদ উদ্দিন চৌধুরীর ভূমিকা ছিল। সেজন্যই তার গ্রেফতারের পর বিএনপির লোকজন তার বিচার দাবি করছে কিংবা গ্রেফতারকে সমর্থন করছে। সব মিলিয়েই তার এই গ্রেফতার বেশ গুরুত্ব বহন করে,” বলছিলেন লেখক মহিউদ্দিন আহমদ।

#### সেনা কর্মকর্তা থেকে হাইকমিশনার, এরপর ব্যবসায়ী

২০১২ সালের ডিসেম্বরে হাইকমিশনার হিসেবে মেয়াদ শেষে ঢাকায় ফিরে রেস্টোরাঁ ও জনশক্তি রফতানি ব্যবসা শুরু করেন মি. চৌধুরী। একই সাথে ধীরে ধীরে সম্পৃক্ত হন তখনকার ক্ষমতাসীন আওয়ামী লীগের সাথে। যদিও ২০১৮ সালে তিনি প্রয়াত এইচ এম এরশাদের নেতৃত্বাধীন জাতীয় পার্টিতে যোগ দেন। দলটির মনোনয়নে বিতর্কিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ফেনী-৩ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। পরে ২০২৪ সালের জানুয়ারির একতরফা নির্বাচনেও তিনি জাতীয় পার্টির মনোনয়নে সংসদ সদস্য নির্বাচিত হন। আওয়ামী লীগ সরকারের পতনের পর ২০২৫ সালের মার্চে দুর্নীতি দমন কমিশনের এক মামলায় আওয়ামী লীগের সাবেক অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের স্ত্রী-কন্যার সঙ্গে মাসুদ উদ্দিন চৌধুরীকেও আসামি করা হয়। ওই মামলায় তার বিরুদ্ধে অর্থ আত্মসাৎ ও পাচারের অভিযোগও আনা হয়।

#### 'তাহলে আমি মাসুদকে ডাকতেছি'

গুরুতর অপরাধ দমন অভিযান সংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটির প্রধান সমন্বয়কারী ছাড়াও মাসুদ উদ্দিন চৌধুরীর নাম অনেকভাবেই আলোচনায় এসেছিল 'ওয়ান ইলেভেন সরকারের' সময়ে। এমনকি মইন ইউ আহমেদ ছাড়াও ওই সরকার গঠনের পেছনে ভূমিকা রাখা সশস্ত্র বাহিনীর অন্য কর্মকর্তাদের মুখেও মাসুদ চৌধুরীর নাম উঠে এসেছে বিভিন্নভাবে। তখনকার ডিজিএফআই-এর ভারপ্রাপ্ত মহাপরিচালক চৌধুরী ফজলুল বারী মহিউদ্দিন আহমদের এক-এগারো বইতে যে সাক্ষাৎকার দিয়েছেন, সেখানেও মি. চৌধুরীর প্রসঙ্গ উল্লেখ করেছেন। চৌধুরী ফজলুল বারী

বলেছেন, “এক কথায়, দেশটা অস্থিতিশীল হয়ে গেছে। ইলেকশন হলেও অস্থিতিশীল, না হলেও অস্থিতিশীল। এখন কী করণীয়? আমি কারও বিরুদ্ধে কথা বলতে চাই না। নরমাল ইয়ের বাইরে আর্মি কেন আসবে? সবাই ঠিকমতো বেতন-ভাতা পাইতেছে! দেশ গোপ্লায় যাক, নিজের বাচ্চা ক্যান্টনমেন্টের ভেতরে পড়তেছে। আর কী লাগে? আমি বারেবারে ইনসিস্ট করলাম। তারপর সেনাপ্রধানকে নক করলাম। নক করলাম জেনারেল মাসুদকে। জেনারেল মাসুদকে কেন নক করলাম? কারণ, উনি বেগম জিয়ার আত্মীয়। দেখি, ওনার মনোভাবটা কী।” ওই সাক্ষাৎকারেই ঘটনাপ্রবাহের আরও বর্ণনা দিয়ে এক পর্যায়ে মি. বারী বলেছেন, “ব্রিগেডিয়ার আমিনকে আনল জেনারেল মাসুদ। তার সঙ্গে নাইন ডিভে (সেনাবাহিনীর নাইন ডিভিশন) কাজ করেছে, নাইন ডিভের আর্টিলারি কমান্ডার ছিল আমিন।” ওই বইতে তখনকার বিমানবাহিনী প্রধান এয়ার ভাইস মার্শাল ফখরুল আজমের বর্ণনাতেও উঠে এসেছে জেনারেল মাসুদের নাম। মি. ফখরুল এতে বলেছেন যে, তিনিসহ তিন বাহিনী প্রধানকে রাষ্ট্রপতি ডেকেছিলেন ১১ জানুয়ারি (২০০৭ সালের)। সেখানেই রাষ্ট্রপতির সাথে আলোচনার এক পর্যায়ে রাষ্ট্রপতিকে জরুরি অবস্থা জারির প্রস্তাব দেওয়া হলে রাষ্ট্রপতি তার কলিগদের সঙ্গে বসে সিদ্ধান্ত দেওয়ার কথা বলেন। তখনি মইন ইউ আহমেদ বলেন “নাহ, আপনার কলিগদের এখানে কিছু করার নাই। ডিসিশন ইজ ইয়োরস। ডিসিশন আপনি নেবেন অথবা নেবেন না। আর আপনি যদি না নেন, তাহলে আমি মাসুদকে ডাকতেছি।” মি. ফখরুল বর্ণনা দিয়েছেন এভাবে- “স্ট্রেট ওয়ে হি ওয়েন্ট টু দ্যা মোবাইল (ফোন)। হি র্যাংগড আপ। আই ডোন্ট নো, হোয়েদার হি র্যাংগড আপ মাসুদ। ফোন টিপে, মাসুদ, তুমি ট্যাংক নিয়া চলে আসো।” এরপর তিনি বলেন যে, এক পর্যায়ে জেনারেল মাসুদ এসে তার পাশে বসেছিলেন। পরে সাক্ষাৎকারের আরেক জায়গায় তিনি বলেছেন, “মাসুদ-টাসুদদের কাছে পিস্তল-টিস্তুল সবই ছিল।” আবার এক-এগারোর ঘটনাপ্রবাহ নিয়ে ঢাকা থেকে মার্কিন রাষ্ট্রদূত ওয়াশিংটনে যে তারবার্তা পাঠিয়েছিলেন, সেখানে উঠে এসেছিল মইন ইউ আহমেদ ও মাসুদ উদ্দিন চৌধুরীর মধ্যকার মনস্তাত্ত্বিক লড়াইয়ের বিষয়ও। ওই তারবার্তাকে উদ্ধৃত করে মহিউদ্দিন আহমদ তার বইয়ে লিখেছেন, “সেনাবাহিনীর উঁচু পর্যায়ে ব্যক্তিগত কিংবা গোষ্ঠীগত দ্বন্দ্ব শুরু থেকেই ছিল। এক-এগারোর সময়ে এটা চাপা থাকেনি। সেনাপ্রধান মইনের সঙ্গে ডিজিএফআইয়ের পরিচালক আমিনের সখ্য লক্ষ্য করা যায়। অন্যদিকে, সেনাবাহিনীর পিএসও লে. জে. মাসুদ উদ্দিন চৌধুরীর প্রতি ডিজিএফআইয়ের অন্য একজন পরিচালক ফজলুল বারীর সুসম্পর্ক ছিল। এর ফলে এক ধরনের মেরুকরণ তৈরি হয়। ক্ষমতার বলয় থেকে বারী আগেই ছিটকে পড়েছিলেন। ডিজিএফআইয়ে তখন আমিনের প্রতিপত্তি বেড়ে যায়। মাসুদকে মইনের প্রতিদ্বন্দ্বী হিসেবে দেখতেন কেউ কেউ। ক্ষমতার এই লড়াইয়ে এক পর্যায়ে মইন তার অবস্থান সংহত করতে সক্ষম হন। কার্যত তিনি মাসুদের ডানা ছেঁটে দেন।” কিন্তু এখন প্রশ্ন উঠেছে, পুলিশ অর্থ ও মানবপাচারের মামলার কথা বললেও, রাজনৈতিক কারণেই কিংবা ওয়ান ইলেভেন সরকারের সময়ে ভূমিকার জন্য মি. চৌধুরীকে আটক করলো কী-না। গোয়েন্দা পুলিশের অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলামকে সংবাদ সম্মেলনে এমন প্রশ্ন করা হলেও তিনি শুধু বলেছেন, “যে-সব মামলা আছে, সেগুলোই তারা তদন্ত করছেন এবং গণতান্ত্রিক প্রক্রিয়া অব্যাহত রাখা ও সবার ন্যায়বিচার পাওয়ার অধিকার নিশ্চিত করাটাই তাদের লক্ষ্য।” মহিউদ্দিন আহমদ বলছেন, এক-এগারোর পর শেখ হাসিনা সরকার মাসুদ উদ্দিন চৌধুরীকে পুরস্কৃত করেছিল বিভিন্নভাবে, তবে এখন তার আটক প্রতিশোধমূলক কি-না, সেটি বলার মতো সময় এখনো আসেনি। “তবে এটাকে কেন্দ্র করে এক-এগারো নিয়ে অনুসন্ধান হতে পারে। তার বিরুদ্ধে অনিয়মের অভিযোগ আছে। সরকার তদন্ত ঠিকমতো করলে হয়ত অনেক কিছু জানা যাবে,” বিবিসি বাংলাকে বলেছেন মি. আহমদ। (বিবিসি বাংলা ওয়েবপেইজ: ২৪.০৩ ২৬ রনি)

### হরমুজ প্রণালি খোলানোর চেষ্টা করছি : রাজ্যসভায় ভারতের প্রধানমন্ত্রী

মঙ্গলবার ভারতের রাজ্যসভাতে পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতি নিয়ে বিবৃতি দিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এ নিয়ে বুধবার ২৫ মার্চ একটি সর্বদলীয় বৈঠকও ডাকা হয়েছে। রাজ্যসভায় মি. মোদী বলেছেন, অপরূদ্ধ হরমুজ প্রণালিতে আটকে থাকা ভারতীয় জাহাজ ও নাবিকদের সকলকে নিরাপদে ফেরানোর ব্যবস্থা করছে ভারত। তিনি বলেন, “হরমুজ প্রণালি খোলার বিষয়ে আমি আলোচনা করছি।” “যুদ্ধ শুরু হওয়ার পর থেকে পশ্চিম এশিয়ার একাধিক নেতার সঙ্গে দুইবার আমার ফোনে কথা হয়েছে। আমরা গাঙ্কের সব দেশের সঙ্গেই আলোচনা চালাচ্ছি। ইরান, ইসরায়েল এবং আমেরিকার সঙ্গে আমাদের যোগাযোগ রয়েছে।” এর আগে, সোমবার লোকসভায় ইসরায়েল-ইরান সংঘাতের কারণে ভারতের দুশ্চিন্তার কথা জানিয়েছিলেন তিনি। মঙ্গলবার রাজ্যসভায় মি. মোদী বলেন, কূটনৈতিক আলোচনার মাধ্যমে এই পরিস্থিতি স্বাভাবিক হওয়া সম্ভব। রাজ্যসভায় তিনি বলেছেন, এলপিজি ও জ্বালানির সরবরাহ নিশ্চিত করতে এবং যুদ্ধ দীর্ঘায়িত হলে স্থিতিশীলতা বজায় রাখতে ভারত সরকার “সব সম্ভাব্য ব্যবস্থা” নিচ্ছে। তিনি আরও বলেন, এলপিজির বিকল্প হিসেবে ভারত সরকার পিএনজি ব্যবহারে উৎসাহ দিচ্ছে।

(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রনি)

### উত্তর ইরাকে রাতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরান : এএফপি

বার্তা সংস্থা এএফপি একজন নিরাপত্তা কর্মকর্তার বরাত দিয়ে জানিয়েছে যে, সোমবার রাতে উত্তর ইরাকে একটি ক্ষেপণাস্ত্র হামলায় ইরাকের কুর্দিস্তানের ছয়জন নিরাপত্তা কর্মী নিহত হয়েছেন। নাম প্রকাশে অনিচ্ছুক ওই কর্মকর্তা হামলার পর জানান, “এখন পর্যন্ত ছয়জন নিহত হয়েছেন, দুইজন নিখোঁজ রয়েছেন এবং আরও ২২ জন আহত

হয়েছেন।” কুর্দি সংবাদমাধ্যম রুদাউ, আঞ্চলিক বাহিনীর বরাত দিয়ে নিহতের সংখ্যা পাঁচজন বলে জানিয়েছে। এএফপি নিউজ এজেন্সি ইরাকি কুর্দিস্তানের সামরিক কর্মকর্তাদের উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, “ইরানের ছয়টি ব্যালিস্টিক মিসাইল পেশমারগা বাহিনীকে লক্ষ্য করে ছোড়া হয়েছিল।” এদিকে, ইরানি সংবাদমাধ্যমগুলো জানিয়েছে যে, আইআরজিসির স্থলবাহিনীর ড্রোন ইউনিট ইরাকের এরবিলে এ হামলা চালিয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রনি)

### ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে মধ্যস্থতা করবে না কাতার

যুদ্ধ শেষ করতে যুক্তরাষ্ট্র ও ইরানের কোনো প্রচেষ্টাতেই দোহা জড়িত নয়, জানিয়েছেন কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্র মাজিদ আনসারি। মি. আনসারি বলেছেন, “আমাদের লক্ষ্য হলো দেশের ওপর হামলা বন্ধ করা এবং মাতৃভূমিকে রক্ষা করা।” বিগত বছরগুলোতে, বিশেষ করে গত বছরের জুনে ১২ দিনের যুদ্ধের আগে, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে অন্যতম প্রধান মধ্যস্থতাকারী ছিল কাতার। আরব দেশগুলোর ওপর হামলার পর কাতার ইরানের সঙ্গে স্বাভাবিক সম্পর্ক রাখতে পারবে কি না, এমন প্রশ্নের জবাবে আনসারি বলেন, ‘হ্যাঁ’, আমরা ভূগোল বদলে ফেলতে পারি না।” (বিবিসি ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রনি)

### আলি লারিজানির স্থলে যাকে নিয়োগ দিল ইরান

মোহাম্মদ বাকের জুলকাদরকে ইরানের জাতীয় নিরাপত্তা পরিষদের সেক্রেটারি হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। দেশটির রাষ্ট্রপতি কার্যালয়ের একজন কর্মকর্তার বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে ইরানি গণমাধ্যমগুলো। এই পদটি কার্যত প্রধান নিরাপত্তা কর্মকর্তার পদ হিসেবে বিবেচিত হয়। গত ১৭ মার্চ আলি লারিজানি নিহত হলে পদটি শূন্য হয়। মি. জুলকাদর এর আগে ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর- আইআরজিসির ডেপুটি কমান্ডার, নিরাপত্তা বিষয়ক উপ-স্বরাষ্ট্র মন্ত্রী, বিচার বিভাগের উপ-প্রধানসহ বিভিন্ন উচ্চপদে দায়িত্ব পালন করেছেন।

(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ এলিনা)

### জ্বালানি খাতে জরুরি অবস্থা ঘোষণা করেছে ফিলিপিন্স

মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রেক্ষাপটে বিশ্বের প্রথম দেশ হিসেবে আনুষ্ঠানিকভাবে জাতীয় জ্বালানি জরুরি অবস্থা ঘোষণা করেছে ফিলিপিন্স। তেল সরবরাহে বিঘ্নিত হওয়ার প্রভাবে খুব কম দেশই ফিলিপিন্সের চেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে। দেশটি ৯৮ শতাংশ তেল উপসাগরীয় অঞ্চল থেকে আমদানি করে। গত তিন সপ্তাহে একাধিকবার জ্বালানির মূল্যবৃদ্ধি করা হয়েছে দেশটিতে। যুদ্ধ শুরু হওয়ার পর থেকে সেখানে ডিজেল ও পেট্রোলের দাম দ্বিগুণেরও বেশি বেড়েছে। ফিলিপিন্সের রাষ্ট্রপতি ফার্দিনান্দ মার্কোস জুনিয়র দেশের জ্বালানি সরবরাহের প্রতি 'আসন্ন বিপদের' কথা উল্লেখ করে এক নির্বাহী আদেশে বলেছেন, “এই ঘোষণাটি সরকারকে জ্বালানি স্থিতিশীলতা নিশ্চিত করতে এবং বৃহত্তর অর্থনীতিকে রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহণের আইনি ক্ষমতা দেবে।” এই আদেশের অধীনে জ্বালানি, খাদ্য, ঔষধ এবং অন্যান্য অত্যাবশ্যকীয় পণ্যের বিতরণ তদারকির জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। সরবরাহ জোরদার করার জন্য সরকারকে সরাসরি জ্বালানি ও পেট্রোলিয়াম পণ্য ক্রয় করার ক্ষমতাও দেওয়া হয়েছে আদেশে। আদেশটির মেয়াদ এক বছর। মঙ্গলবার দেশটির জ্বালানি মন্ত্রী বলেছেন, ফিলিপিন্সের কাছে প্রায় ৪৫ দিনের জ্বালানি মজুত রয়েছে।

(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ এলিনা)

### ভারতে প্রথম পরোক্ষ স্বেচ্ছামৃত্যুর অনুমতি দেওয়া হরিশ রানা মারা গেছেন

দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস বা এইমসে মৃত্যু হয়েছে হরিশ রানার। দুই সপ্তাহ আগে প্রথমবারের মতো পরোক্ষ স্বেচ্ছা মৃত্যুতে অনুমতি দেয় ভারতের সুপ্রিম কোর্ট, আর সেই আদেশ মেনে হরিশকে নিয়ে আসা হয়েছিল দিল্লির এইমস হাসপাতালে। সেখানে ধীরে ধীরে তার জীবনদায়ী সব সাপোর্ট সরিয়ে নেওয়া হয়েছিল। অবশেষে ১৩ বছরের দীর্ঘ যন্ত্রণা থেকে মুক্তি পেলেন ৩২ বছরের হরিশ রানা। ১১ মার্চ সুপ্রিম কোর্ট গাজিয়াবাদের হরিশ রানার চিকিৎসা প্রত্যাহারের অনুমতি দিয়েছিল। সুপ্রিম কোর্টের বিচারপতি জেবি পারদিওয়ালার ডিভিশন বেঞ্চ প্যাসিভ ইউথেনেশিয়ার অনুমতি দেয়। দিল্লি এইমস-কে নির্দেশ দেওয়া হয় সম্পূর্ণ বিজ্ঞানসম্মতভাবে অত্যন্ত সতর্কতার সঙ্গে এবং রোগীর পূর্ণ মর্যাদা রেখে যেন তার লাইফ সাপোর্ট প্রত্যাহার করা হয়। মেডিক্যাল বোর্ডের কড়া নজরদারিতে ১৫ মার্চ তার তরল খাবার বন্ধ করে দেওয়া হয়েছিল। এরপর ১৭ মার্চ থেকে জল দেওয়াও পুরোপুরি বন্ধ করে দেওয়া হয়। পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের বিটেকের ছাত্র হরিশ হস্টেলের চতুর্থ তলার বারান্দা থেকে পড়ে মাথায় গুরুতর আঘাত পান। ২০১৩ সাল থেকে তিনি কোমায় ছিলেন। এক দশকেরও বেশি সময় ধরে তিনি কৃত্রিম পুষ্টি এবং মাঝে মাঝে অক্সিজেন সাপোর্টের ওপর নির্ভর করে বেঁচে ছিলেন। তার স্বেচ্ছামৃত্যুর জন্য আবেদন জানান তার বাবা-মা।

(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ এলিনা)

### ডয়চে ভেলে

### মানবপাচার মামলায় গ্রেফতার দেখানো হলো মাসুদ উদ্দিন চৌধুরীকে

এক-এগারোর সময়ের আলোচিত সাবেক সেনা কর্মকর্তা মাসুদ উদ্দিন চৌধুরীকে রাজধানীর পল্টন থানার একটি মানবপাচার মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়েছে। আজ মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে এ তথ্য

জানান ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগের (ডিবি) অতিরিক্ত কমিশনার শফিকুল ইসলাম। ডিএমপির ডিবি প্রধান শফিকুল ইসলাম বলেন, “গতকাল সোমবার রাতে রাজধানীর বারিধারা থেকে সাবেক সংসদ সদস্য মাসুদ উদ্দিন চৌধুরীকে গ্রেফতার করা হয়। প্রাপ্ত তথ্য অনুযায়ী, তার বিরুদ্ধে ফেনী জেলায় ৬টি মামলা আছে। আর ঢাকা মহানগর এলাকায় মামলা আছে ৫টি। মোট মামলা ১১টি। প্রাথমিকভাবে তাকে পল্টন থানার একটি মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়েছে। মানবপাচারের অভিযোগে এ মামলা করা হয়।” ডিবি কর্মকর্তা শফিকুল ইসলাম বলেন, মাসুদ উদ্দিন চৌধুরীর বিরুদ্ধে থাকা ১১টি মামলার মধ্যে ফেনী জেলার তিনটির বিচার কার্যক্রম চলমান। মামলা বিচারাধীন অবস্থায় তিনি পলাতক ছিলেন। এ কারণে তার বিরুদ্ধে আদালত গ্রেফতারি পরোয়ানা জারি করেছিলেন। শফিকুল ইসলাম আরো বলেন, মাসুদ উদ্দিন চৌধুরীর বিরুদ্ধে রাজধানীর পল্টন, বনানী, কোতোয়ালী, মিরপুর ও হাতিরঝিল থানায় হত্যা, হত্যাচেষ্টা, মানবপাচারসহ বিভিন্ন গুরুতর অপরাধের অভিযোগে মামলা আছে। এছাড়া, তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (দুদক) ও পুলিশের অপরাধ তদন্ত বিভাগে (সিআইডি) একাধিক অভিযোগ রয়েছে, যা বর্তমানে তদন্তাধীন। মাসুদ উদ্দিন চৌধুরী ২০০৭ সালে সেনাবাহিনীর নবম ডিভিশনের জিওসির দায়িত্বে ছিলেন। তিনি এক-এগারোর পটপরিবর্তনে অন্যতম প্রধান ভূমিকায় ছিলেন। তখন তিনি গুরুতর অপরাধ দমনসংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটির সমন্বয়ক হন। পদোন্নতি পেয়ে লেফটেন্যান্ট জেনারেল হন। এই কমিটির অধীনেই তখন দুর্নীতিবিরোধী অভিযান পরিচালিত হয়। ২০০৮ সালে মাসুদ উদ্দিন অস্ট্রেলিয়ায় বাংলাদেশের হাইকমিশনার নিযুক্ত হন। এরপর আওয়ামী লীগ সরকার তিন দফায় তার চাকরির মেয়াদ বৃদ্ধি করে। অবসর গ্রহণের পর তিনি ঢাকায় রেস্টোরাঁসহ একাধিক ব্যবসায় যুক্ত হন। মাসুদ উদ্দিন চৌধুরী জাতীয় পার্টির (জাপা) মনোনয়নে দুই দফায় (২০১৮ ও ২০২৪) ফেনী-৩ আসনের (সোনাগাজী-দাগনভূঁইয়া) সংসদ সদস্য ছিলেন। ২০১৮ সালে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ফেনী-৩ আসনে মাসুদ উদ্দিন চৌধুরী প্রথমে আওয়ামী লীগের মনোনয়ন চেয়ে ফরম কিনে জমা দিয়েছিলেন। পরে তিনি জাতীয় পার্টিতে যোগ দেন। দলটির নীতি-নির্ধারণী পর্ষদ সভাপতিমণ্ডলীর সদস্যপদ পান। পরে জাপার মনোনয়নে নির্বাচনও করেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রুবাইয়া)

### ইসরায়েলে ইরানের একের পর এক ক্ষেপণাস্ত্র হামলা

ইসরায়েল লক্ষ্য করে একের পর এক ক্ষেপণাস্ত্র হামলা করেছে ইরান। ইসরায়েলের সেনাবাহিনীর তরফ থেকে এমনটাই জানানো হয়েছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের পাওয়ার গ্রিডে আক্রমণ স্বীকৃত রাখার পরে এই আক্রমণ চালানো হয় বলে জানিয়েছে তারা। ট্রাম্প জানিয়েছিলেন, ইরানের সঙ্গে ফলপ্রসূ কথা হয়েছে তার। ইসরায়েলের রাজধানীসহ একাধিক জায়গায় মিসাইলের সতর্কতা শোনা যায়। উত্তর ইসরায়েলে একাধিক বাড়ি ধূলিসাৎ হয়। কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। এর আগে, ট্রাম্প তার টুইথ সোশালে লেখেন, ইরানের 'উচ্চ নেতৃত্বের' সঙ্গে 'ফলপ্রসূ' আলোচনা হয়েছে। সেই কারণেই ইরানের পাওয়ার গ্রিডে আক্রমণ চালানোর পরিকল্পনাকে পাঁচদিন পিছিয়ে দিয়েছেন তিনি। তার এই ঘোষণার ফলে শেয়ারের দাম বাড়ে এবং তেলের দাম কমে থাকে। তবে তার এই ঘোষণার কিছুক্ষণের মধ্যেই ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাকের খালিবাব জানান, দুই দেশের মধ্যে কোনো সমঝোতা হয়নি।

তার এক্স হ্যাণ্ডেলে লেখেন, “বাজার নিয়ন্ত্রণ করার জন্য এবং শেয়ার বাজারে স্থিতিশীলতা আনার জন্য ভুয়া খবর প্রচার করা হচ্ছে। সংবাদ সংস্থা এপি জানিয়েছে, মিশর, তুরস্ক এবং পাকিস্তান- তিন দেশই যুদ্ধরত দেশগুলির সঙ্গে কথা বলেছে। রোববার তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান টেলিফোনে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে কথা বলেছেন। মিশরের প্রেসিডেন্ট আবদেল-ফাত্তাহ এল-সিসসির দপ্তর থেকে জানানো হয়েছে, তারা ইরানকে যুদ্ধ বন্ধ করতে বলেছে। ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেস্কিয়ানের সঙ্গে কথা বলেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফও। সোমবার ফিন্যানসিয়াল টাইমস তাদের প্রতিবেদনে জানিয়েছে, পাকিস্তান তাদের রাজধানী ইসলামাবাদে যুক্তরাষ্ট্র এবং ইরানের প্রতিনিধিদের বৈঠকে বসার কথা জানিয়েছে। অন্যদিকে, আমেরিকার যুদ্ধবিমান ক্যারিয়ার জেরাল্ড আর ফোর্ড ১০ দিন ধরে গ্রিসের নৌবন্দরে আছে। সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, লোহিত সাগরে চলাচলের সময় এই রণতরীতে আগুন লাগে। তবে যুদ্ধের কারণে এই আগুন লাগেনি বলেই জানানো হয়। এখন এটি দেশে ফেরানোর কথা ভাবা হয়েছে। এই রণতরীটি আমেরিকায় ফিরে গেলে ইরানের সঙ্গে যুদ্ধে মধ্যপ্রাচ্যে একটিমাত্র মার্কিন রণতরী থাকবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রুবাইয়া)

### সিলেটে মাজারে বাউলগানের আসরে হামলা

সিলেটের বিশ্বনাথ উপজেলায় হামলা চালিয়ে বাউলগানের আসর পণ্ড করার ঘটনা ঘটেছে। স্থানীয় একদল ব্যক্তি হামলা চালিয়ে ভবিষ্যতে গানের আসর বসালে কঠোর ব্যবস্থা নেওয়ার হুমকিও দেয়। গত রোববার রাতে বিশ্বনাথ উপজেলার শ্রীপুর গ্রামে ইব্রাহিম শাহ মাজারের পাশে এই ঘটনা ঘটে। গানের আসরে হামলার একটি ভিডিও সোমবার সকাল থেকে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে পড়ে। আয়োজকদের ভাষ্য, ইব্রাহিম শাহ মাজারকে কেন্দ্র করে প্রায় ১০০ বছর ধরে নিদৃষ্ট একটি সময়ে বাউল গানের আসর অনুষ্ঠিত হয়ে আসছে। এতে সিলেট বিভাগের বিভিন্ন অঞ্চলের ভক্ত, দর্শনার্থীরা অংশ নেন। এরই ধারাবাহিকতায় এবারও তিন দিনব্যাপী বাউলগানের আসরের আয়োজন করা হয়। অনুষ্ঠানের দ্বিতীয় দিন রোববার রাতে হঠাৎ শতাধিক লোক সংঘবদ্ধ হয়ে সেখানে হামলা চালিয়ে বাউল

গানের আসর পণ্ড করে দেন। মঙ্গলবার সকাল সোয়া ৮টার দিকে যোগাযোগ করলে বিশ্বনাথ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গাজী মাহবুবুর রহমান বলেন, ঘটনার পরপরই পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। বর্তমানে পরিস্থিতি শান্ত আছে। ঘটনা মাজারের ভেতরে নয়, মাজারের মূল ভেনুর বাইরে গ্রামের পাশে তৈরি করা একটি মঞ্চে গান-বাজনা হচ্ছিল। এতে স্থানীয় মানুষের ঘুমে ব্যাঘাত হচ্ছিল, তারা এসে গান বন্ধ করে দিয়েছে। হামলার একটি ভিডিও ঘটনার পর ফেসবুকে ছড়িয়ে পড়ে। এতে দেখা যায়, হামলাকারীরা বাউল গানের আসরের মঞ্চে উঠে ভাঙচুর শুরু করে। তারা মঞ্চে থাকা বাদ্যযন্ত্র ও সাউন্ড সিস্টেম ভেঙে ফেলে। এছাড়া, দর্শনার্থীদের বসার জন্য রাখা চেয়ারও তারা ভাঙচুর করে। হামলাকারীরা মঞ্চে দাঁড়িয়ে নানা ধরনের ম্লোগান দেয়। পরে তারা আবার মিছিল করে অনুষ্ঠানস্থল থেকে চলে যায়। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রুবাইয়া)

### অনলাইন কার্যকলাপে জাতীয় নিরাপত্তা বিঘ্নিত করার অভিযোগে ইরানে ৪৬৬ জন গ্রেফতার

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম ইরনা জানিয়েছে, জাতীয় নিরাপত্তা বিঘ্নিত করার লক্ষ্যে অনলাইন কার্যকলাপ চালানোর অভিযোগে সে দেশের পুলিশ ৪৬৬ জনকে গ্রেফতার করেছে। তবে ইরানের গণমাধ্যম বলছে, ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সঙ্গে ইরানের যুদ্ধ শুরু হওয়ার পর চলতি মাসে চালানো অন্যতম বৃহত্তম নিরাপত্তা অভিযানে এক হাজার জনেরও বেশি ব্যক্তিকে গ্রেফতার করা হয়। গ্রেফতার করা ব্যক্তিদের বিরুদ্ধে অভিযোগ- তারা সংবেদনশীল স্থানের ভিডিও ধারণ, অনলাইনে সরকারবিরোধী কন্টেন্ট শেয়ার অথবা ‘শত্রুকে সহযোগিতা’ করেছেন। পুলিশের এক বিবৃতিতে বলা হয়, সাম্প্রতিক দিনগুলোতে গোয়েন্দা ও প্রযুক্তিগত নজরদারির পর এই ব্যক্তিদের গ্রেফতার করা হয়। বিবৃতিতে বলা হয়, গ্রেফতার করা ব্যক্তির অভ্যন্তরীণ অস্থিতিশীলতা সৃষ্টির চেষ্টায় থাকা ‘শত্রুদের’ নেটওয়ার্কের সঙ্গে যুক্ত ছিলেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রুবাইয়া)

### সবচেয়ে দূষিত দেশ পাকিস্তান, তারপরই বাংলাদেশ

সুইজারল্যান্ডভিত্তিক প্রতিষ্ঠান আইকিউএয়ার-এর গবেষণা প্রতিবেদন অনুযায়ী, ২০২৫ সালে বিশ্বের সবচেয়ে দূষিত দেশ ছিল পাকিস্তান। সেখানে আজ মঙ্গলবার প্রকাশিত বায়ুমান পর্যবেক্ষণ বিষয়ক সংস্থা আইকিউএয়ারের বার্ষিক প্রতিবেদনে বলা হয়েছে, গত বছর (২০২৫) ১৩টি দেশ ও অঞ্চল গড় পিএম২.৫ মাত্রা বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্ধারিত মান, অর্থাৎ প্রতি ঘনমিটারে ৫ মাইক্রোগ্রামের কম রাখতে পেরেছে। ২০২৪ সাল মাত্র ছয়টি দেশ তা পেরেছিল।

### সবচেয়ে দূষিত তিন দেশ

আইকিউএয়ার-এর গবেষণা প্রতিবেদন অনুযায়ী, ২০২৫ সালে ১৪৩টি দেশ ও অঞ্চলের মধ্যে ১৩০টিই বিশ্ব স্বাস্থ্য সংস্থা ডার্লিউএইচও-এর নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করতে ব্যর্থ হয়েছে। এই তালিকায় সবার ওপরে রয়েছে পাকিস্তান আর তারপরই বাংলাদেশ ও তাজিকিস্তান। সবচেয়ে বেশি দূষিত দেশের তালিকায় চতুর্থ স্থানে রয়েছে চাদ। ২০২৪ সালে সবার ওপরে ছিল দেশটি। ধারণা করা হচ্ছে, তথ্য ঘাটতির কারণে চাদ এবার প্রথম থেকে চতুর্থ স্থানে নেমে এসেছে। গত মার্চে যুক্তরাষ্ট্র বাজেট সীমাবদ্ধতার কথা উল্লেখ করে একটি বৈশ্বিক পর্যবেক্ষণ কর্মসূচি বন্ধ করে দিলে তাদের দূতাবাস এবং কনস্যুলেট ভবনগুলো থেকে সংগৃহীত দূষণের তথ্য সংকলন করার কাজ ব্যাহত হয়। আইকিউআর-এর প্রতিবেদনের প্রধান লেখক ক্রিস্টিনা চেস্টার শ্রোডার বলেন, “মার্চ মাসে তথ্য ‘হারিয়ে যাওয়ায়’ মনে হয়েছে (চাদে) PM2.5-এর মাত্রা উল্লেখযোগ্যভাবে কমেছে। তবে প্রকৃত সত্য হলো, আমরা তা জানি না।” উল্লেখ্য, তথ্যের ঘাটতির কারণে ২০২৫ সালের প্রতিবেদন থেকে বুরুন্ডি, তুর্কমেনিস্তান ও টোগোকে বাদ দিতে হয়েছে।

### বিশ্বের সবচেয়ে দূষিত শহর ভারতে

২০২৫ সালে বিশ্বের সবচেয়ে দূষিত শহর হয়েছে ভারতের লোনি। সেখানে পিএম২.৫-এর গড় মাত্রা ছিল ১১২.৫ মাইক্রোগ্রাম। লোনির পরেই ছিল চীনের উত্তর-পশ্চিমের জিনজিয়াং অঞ্চলের হোতান (১০৯.৬ মাইক্রোগ্রাম)। বিশ্বের শীর্ষ ২৫ দূষিত শহরের তালিকায় ভারতের সঙ্গে পাকিস্তান এবং চীনে শহরগুলোও রয়েছে।

### ‘দূষণমুক্ত’ যারা

২০২৫ সালে বিশ্বের মাত্র ১৪% শহর ডার্লিউএইচও-এর মানদণ্ড বজায় রাখতে পেরেছে। ২০২৪ সালে এ হার ১৭% বেশি ছিল। ২০২৫ সালে যে দেশগুলো এই মানদণ্ড বজায় রেখেছে, তাদের মধ্যে সবার এগিয়ে অস্ট্রেলিয়া, আইসল্যান্ড, এস্তোনিয়া এবং পানামা। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রুবাইয়া)

### মাসুদের গ্রেফতারের পর যে-সব বিষয় আলোচনা

এক-এগারোর সময়ের আলোচিত সাবেক সেনা কর্মকর্তা ও ফেনী-৩ আসনের সাবেক সংসদ সদস্য লেফটেন্যান্ট জেনারেল (অব.) মাসুদ উদ্দিন চৌধুরীকে গ্রেফতারের পর অনেকে মনে করছেন ভবিষ্যতে ৫ আগস্ট নিয়েও এমন কিছু হতে পারে। সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট মনজিল মোরসেদ ডয়চে ভেলেকে বলেন, “বাংলাদেশের রাজনীতিতে সবই সম্ভব। এখানে কোন সরকার ক্ষমতায় তার ওপরই অনেক কিছু নির্ভর করে। ওয়ান-ইলেভেনের একটা প্রেক্ষাপট আছে। ৫ আগস্টের একটা প্রেক্ষাপট আছে। সুতরাং এক সময় ৫ আগস্ট নিয়েও একই ধরনের কথা হতে পারে। ওয়ান ইলেভেনের সঙ্গে বিদেশিরা ছিলেন। ৫ আগস্টের সঙ্গেও বিদেশিরা ছিলেন। বাংলাদেশ তো বিদেশিদের একটা ফুটবল খেলার মাঠ। আমরা তো নিজেদের শক্তিতে খেলি না। ভবিষ্যতে বিদেশিদের আরো খেলা হতে

পারে। “সাবেক সেনা কর্মকর্তা মেজর (অব.) এমদাদুল ইসলাম বলেন, “এখন যদি ওয়ান-ইলেভেনের ভূমিকার বিচার হয়, তাহলে ভবিষ্যতে আরো কিছু হতে পারে। রাজনীতিতে সবই সম্ভব। রাজনীতি ঘুরে গেলে ৫ আগস্টের কুশীলব বিষয়টিও সামনে আসতে পারে।” সিপিবি’র সাবেক সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স বলেন, “আমরা কোনো ঢালাও দায়মুক্তির বিরোধী- এক-এগারোর যেমন দায়মুক্তি নয়, তেমনি ৫ আগস্টেরও দায়মুক্তি নয়। ৫ আগস্টের গণ-অভ্যুত্থানে সাধারণ মানুষ অংশ নিয়েছে। কিন্তু পুলিশ হত্যা, থানা পোড়ানো, লুটপাটের যদি বিচার না হয়, তাহলে আবার এক সময় এর বিচারের প্রশ্ন সামনে আসবে একইভাবে।” সোমবার দিবাগত রাতে ঢাকার বারিধারার ডিওএইচএস-এর বাসা থেকে মহানগর গোয়েন্দা বিভাগ মাসুদ উদ্দিনকে গ্রেফতার করে। মঙ্গলবার তাকে আদালতে হাজির করে পাঁচদিনের রিমাণ্ডে নেওয়া হয়েছে।

### মাসুদ উদ্দিন চৌধুরী কে ছিলেন?

২০০৭ সালের ১১ জানুয়ারি তৎকালীন উদ্ভূত রাজনৈতিক পরিস্থিতিতে জরুরি অবস্থা জারি করা হয়েছিল। বাংলাদেশের রাজনীতিতে ঘটনাটি এক-এগারো নামে পরিচিত। ওই ঘটনায় সময় সেনাবাহিনীর নবম ডিভিশনের জিওসির দায়িত্বে ছিলেন মাসুদ উদ্দিন চৌধুরী। পরে সেনাসমর্থিত একটি সরকার গঠিত হয়েছিল। ওই সরকারের সময় মাসুদ উদ্দিন চৌধুরীকে গুরুতর অপরাধ দমনসংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটির সমন্বয়ক করা হয়। পদোন্নতি দিয়ে লেফটেন্যান্ট জেনারেল করা হয়। ওই কমিটির অধীনে তখন দুর্নীতিবিরোধী অভিযান পরিচালিত হয়েছিল। ওই অভিযানের সময় খালেদা জিয়া ও শেখ হাসিনাসহ অনেক রাজনৈতিক নেতাকে গ্রেফতার করা হয়। গ্রেফতার করা হয় খালেদা জিয়ার দুই ছেলে তারেক রহমান ও আরাফাত রহমানকে। রাজনৈতিক নেতাদের পরে ছেড়ে দিয়ে নির্বাচন দেওয়া হলেও, তারেক রহমান ও আরাফাত রহমানকে জামিন দিয়ে দেশের বাইরে পাঠিয়ে দেওয়া হয়। তার আগে, তারেক রহমান ও আরাফাত রহমানকে রিমাণ্ডে নিয়ে নির্যাতন করা হয়েছিল বলে অভিযোগ রয়েছে। সেই সময়ে ঢাকা কেন্দ্রীয় কারাগারের ডিআইজি প্রিজন্স মেজর (অব.) শামসুল হায়দার সিদ্দিকী ডয়চে ভেলেকে বলেন, “তারেক রহমানকে গ্রেফতারের সময় তিনি পুরোপুরি সুস্থ ছিলেন। কিন্তু রিমাণ্ডে নেওয়ার পর তিনি অসুস্থ হয়ে পড়েন। এরপর পুরো সময়ই তাকে পিজি হাসপাতালের প্রিজন্স সেলে রাখা হয়।

তার অবস্থা এতটাই খারাপ ছিল যে, তিনি ঠিকমতো হাঁটাচলা করতে পরতেন না। তিনি একবার কারাগারে হাঁটতে গিয়ে পড়ে ও যান। তাকে পরে জামিন দিয়ে সরাসরি দেশের বাইরে পাঠিয়ে দেওয়া হয়।” ১৭ বছর পর তারেক রহমান দেশে ফেরেন গত ডিসেম্বরে। আর আরাফাত রহমান কোকো দেশের বাইরে মারা যান। এক-এগারোর সময় সেনাপ্রধান ছিলেন জেনারেল মইন ইউ আহমেদ। আর সরকারের প্রধান ছিলেন ফখরুদ্দীন আহমেদ। তারা দুইজনই বর্তমানে দেশের বাইরে বসবাস করছেন। ২০০৮ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর মাসুদ উদ্দিন চৌধুরীকে অস্ট্রেলিয়ায় বাংলাদেশের হাইকমিশনার করে। এরপর তিন দফায় তার চাকরির মেয়াদ বৃদ্ধি করা হয়। অবসর গ্রহণের পর তিনি ঢাকায় রেস্টোরাঁ এবং জনশক্তি রপ্তানিসহ একাধিক ব্যবসায় যুক্ত হন। মাসুদ উদ্দিন চৌধুরী জাতীয় পার্টির (জাপা) মনোনয়নে ২০১৮ ও ২০২৪ সালে ফেনী-৩ আসনের (সোনাগাজী-দাগনভূঁইয়া) সংসদ সদস্য হন। ২০১৮ সালে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ফেনী-৩ আসনে মাসুদ উদ্দিন চৌধুরী প্রথমে আওয়ামী লীগের মনোনয়ন চেয়ে ফরম কিনে জমা দিয়েছিলেন। পরে তিনি জাতীয় পার্টিতে যোগ দেন। দলটির নীতি-নির্ধারণী পর্ষদ সভাপতিমণ্ডলীর সদস্যপদ পান। জাপার মনোনয়নে নির্বাচন করেন।

### মাসুদের বিরুদ্ধে ১১ মামলা

মঙ্গলবার ঢাকা মহানগর গোয়েন্দা বিভাগের (ডিবি) প্রধান অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম এক ব্রিফিং-এ জানান, তার বিরুদ্ধে হত্যা, হত্যচেষ্টা, মানবপাচার, অর্থপাচারসহ বিভিন্ন অভিযোগে ১১টি মামলার তথ্য পাওয়া গেছে। এর মধ্যে ফেনী জেলায় তার বিরুদ্ধে তিনটি মামলা আছে। বিচার চলাকালে তিনি পলাতক থাকায় তার বিরুদ্ধে আদালত গ্রেফতারি পরোয়ানা জারি করেছে। ফেনী ছাড়াও ঢাকা মেট্রোপলিটন এলাকায় আছে পাঁচটি মামলা। ঢাকার পল্টন, বনানী, মিরপুর, কোতয়ালী ও হাতিরঝিল থানায় মামলা আছে। তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনে একাধিক অভিযোগের এখন তদন্ত চলছে। তাকে পল্টন থানায় মানবপাচার মামলায় ৫ দিনের পুলিশ রিমাণ্ডে নেওয়া হয়েছে। দেশে থাকার পরও এতদিন তাকে কেন গ্রেফতার করা হয়নি- সাংবাদিকদের এমন প্রশ্নে ডিবি প্রধান জানান, “আসলে তিনি পলাতক ছিলেন। তাকে গ্রেফতারের জন্য এর আগেও আমরা একাধিকবার চেষ্টা করেছি, কিন্তু তাকে পাইনি। তার অবস্থান সম্পর্কে আমরা নিশ্চিত হতে পারছিলাম না। যখন নিশ্চিত হতে পেরেছি যে, তিনি তার বারিধারার বাসায় অবস্থান করছেন, তখনই তাকে গ্রেফতার করেছি।” এক-এগারোর কুশীলব হিসাবে তাকে গ্রেফতার করা হয়েছে কি না, কিংবা ওই বিষয়ে তদন্ত হবে কি না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, “না, আমরা তো সুনির্দিষ্ট মামলা নিয়ে তদন্ত করি। সুনির্দিষ্ট মামলায়ই তাকে গ্রেফতার করেছি। ওই মামলার বিষয়েই তদন্ত হবে। আমরা তদন্ত করছি। সিআইডি মানি লন্ডারিং মামলার তদন্ত করছে। দুদক দুর্নীতির মামলার তদন্ত করছে। এই মামলাগুলো আগেই হয়েছে।” আরেক প্রশ্নের জবাবে ডিবি প্রধান বলেন, “এক-এগারোর কুশীলব বা তার নেতৃত্বে অন্যান্যভাবে আটক, নির্যাতনের কোনো ধরনের তথ্য পাওয়া গেলে তাহলে তা আমরা দেখব। অন্যান্যকারী কেউ পার পাবে না।”

### এক-এগারোর ভূমিকার কারণে গ্রেফতার?

সাবেক সেনা কর্মকর্তা মেজর (অব.) এমদাদুল ইসলাম মনে করছেন, “মাসুদ উদ্দিনকে হয়ত ওয়ান-ইলেভেনের ভূমিকার কারণে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মামলা আছে। কিন্তু এতদিন তো গ্রেফতার হনি। তার মাধ্যমে হয়ত ওয়ান ইলেভেন বিষয়টি নিয়ে তদন্ত কাজ শুরু হবে। আমার কাছে সেরকমই মনে হচ্ছে।” “ওয়ান ইলেভেনের সময় মাসুদ উদ্দিন ছিলেন নাইন ডিভিশনের জিওসি। এই ডিভিশনটি সেনাসদরের সবচেয়ে কাছে হওয়ায় এর গুরুত্ব অনেক বেশি। তিনি ছিলেন ক্ষমতার চূড়ায়। ওয়ান ইলেভেনের পরিবর্তন তার উদ্যোগ বা সমর্থন ছাড়া সম্ভব ছিলো না,” বলেন তিনি। সাবেক এই সেনা কর্মকর্তা বলেন, “তিনি গুরুতর অপরাধ দমনসংক্রান্ত জাতীয় সমন্বয় কমিটির প্রধানও ছিলেন। ওই সময় রাজনীতিবিদদের গ্রেফতারসহ দুর্নীতির অভিযোগে আরো যত আটক হয়েছে তা তার নেতৃত্বেই হয়েছে। অনেক ঘটনাও তখন ঘটেছে। এইসব ঘটনার সাথে তার সংশ্লিষ্টতার কথা বাজারে আছে।” সুপ্রিম কোর্টের আইনজীবী অ্যাডভোকেট মনজিল মোরসেদ বলেন, “কে গ্রেফতার হবে, আর কে হবে না, তা নির্ভর করে সরকারের ওপর। অন্তর্বর্তী সরকারের সঙ্গে হয়ত তার সম্পর্ক ভালো ছিল, তাই তখন তাকে গ্রেফতার করা হয়নি। আওয়ামী লীগের এমপি, মন্ত্রী নেতা সবাইকেই তো গ্রেফতার করা হয়েছে। জাতীয় পার্টির মনে হয় কেউ গ্রেফতার হয়নি।” “যেহেতু তার বিরুদ্ধে মামলা আছে, এখন তাকে গ্রেফতার করা হয়েছে। কিন্তু ওয়ান-ইলেভেনের সময় তিনি রাজনীতিবিদদের গ্রেফতার করেছেন, নির্যাতন করেছেন, সে ব্যাপারে তো কোনো মামলা হয়নি। তবে আমার মতে, তার তথ্য-প্রমাণ জোগাড় করে সেই মামলায় তাকে গ্রেফতার করলে ভালো হতো। তাহলে মানুষের মনে এই প্রশ্ন উঠত না যে, আগে তাকে কেন গ্রেফতার করা হয়নি,” বলেন তিনি। এদিকে, মাসুদকে আগে গ্রেফতার না করে এখন গ্রেফতার করায় প্রশ্ন তুলেছেন সিপিবি'র সাবেক সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স। তিনি বলেন, “তার বিরুদ্ধে যদি আদম পাচারসহ অন্য মামলা থাকে, তাহলে তাকে এতদিন কেন গ্রেফতার করা হয়নি। কারুর বিরুদ্ধে যদি সুনির্দিষ্ট অভিযোগ থাকে, তাহলে গ্রেফতার করা যায়। কিন্তু পুলিশ তো এখনো ওয়ান-ইলেভেনের সঙ্গে তারা কোনো ধরনের সংশ্লিষ্টতার বিষয়ে বলেনি।”

### সেনাবাহিনীর জন্য বার্তা?

বিএনপি'র যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেন, “এক-এগারোর সময় তার (মাসুদ) যে বিতর্কিত এবং গণতন্ত্রবিরোধী ভূমিকা, একটি নির্বাচনকে বানচাল করে একটি সেনাসমর্থিত সরকার প্রতিষ্ঠা করে জরুরি অবস্থা জারি করে দেশে বিশৃঙ্খলা এবং গণতন্ত্রের পথে প্রতিবন্ধকতা তৈরি করা হয়েছিল, তার খেসারত এখনো জাতিকে দিতে হচ্ছে। সেই কুশীলবদের মধ্যে তিনি একজন অন্যতম ব্যক্তি। ফলে যারা নির্বাচন ও গণতন্ত্রের পথে বাধা সৃষ্টি করেছে, তাদের বিচারের আওতায় আনা উচিত বলে সাধারণ মানুষ মনে করে।” আর “এই ধরনের অপরাধের বিচার হলে হয়ত সেনাবাহিনী ভবিষ্যতে জাতীয় রাজনীতি থেকে নিজেদের দূরে রাখবে,” বলেও মনে করছেন তিনি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### ঈদের পর প্রথম কমদিবসে প্রায় ১১ ঘণ্টা অফিস করলেন প্রধানমন্ত্রী

ঈদুল ফিতরের পর প্রথম কমদিবসে টানা প্রায় ১১ ঘণ্টা অফিস করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। মঙ্গলবার (২৪ মার্চ) ঠিক সকাল ৯টা ১ মিনিটে সচিবালয়ে নতুন ১ নম্বর ভবনে দপ্তরে এসে উপস্থিত হন প্রধানমন্ত্রী। রাত ৭টা ৫০ মিনিটে তিনি সচিবালয় ত্যাগ করেন। সে হিসেবে এদিন তিনি ১০ ঘণ্টা ৪৯ মিনিট অফিস করেন। গত ২১ মার্চ দেশে মুসলমানদের সবচেয়ে বড়ো ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উদযাপিত হয়েছে। ঈদ উপলক্ষ্যে গত ১৭ মার্চ থেকে শুরু হয় সরকারি ছুটি। সোমবার (২৩ মার্চ) পর্যন্ত টানা ৭ দিন ছুটি কাটিয়েছেন সরকারি চাকরিজীবীরা। ঈদের পর প্রথম কমদিবসে অফিসে আসার পর প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণ শ্রীনিবাসন। এরপর প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ‘ঢাকা শহরের যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন’ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। বিকেল ৫টা বাজার পর বাইরের তৎপরতা দেখে কয়েকবারই মনে হয়েছিল প্রধানমন্ত্রী বের হচ্ছেন। তার প্রটোকলের গাড়িগুলো প্রস্তুত হচ্ছিল, মোটরসাইকেলগুলো প্রস্তুত হওয়ার সঙ্গে সঙ্গে পিজিআর, পুলিশসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সতর্ক অবস্থান নেয়। কিন্তু প্রধানমন্ত্রী বের হনি। সন্ধ্যার কিছু পর প্রধানমন্ত্রীর দপ্তর থেকে ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদকে বেরিয়ে যেতে দেখা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ: ২৪.০৩.২০২৬ রিহাব)

### ঢাকার যানজট নিরসনে এক মাসের মধ্যে দৃশ্যমান উন্নতির নির্দেশ

রাজধানীর ক্রমবর্ধমান যানজট নিরসনে প্রধানমন্ত্রীর সঙ্গে দীর্ঘ বৈঠকের পর তাৎক্ষণিক ও সমন্বিত পদক্ষেপের ইঙ্গিত দিয়েছেন ঢাকার দুই সিটি করপোরেশনের প্রশাসক। বৈঠক শেষে দুই প্রশাসক সাংবাদিকদের জানিয়েছেন, নির্ধারিত সময়সীমা অর্থাৎ আগামী এক মাসের মধ্যে ধাপে ধাপে পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে ঢাকার যানজট পরিস্থিতির দৃশ্যমান উন্নতি নিয়ে আসার চেষ্টা করা হবে। প্রধানমন্ত্রী তেমন নির্দেশনাই দিয়েছেন। মঙ্গলবার (২৪ মার্চ) সচিবালয়ে অনুষ্ঠিত ‘ঢাকা শহরের যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন’ বিষয়ক এক বৈঠকে এসব বিষয়ে আলোচনা

হয়। বৈঠকে ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন, অটোরিকশা নিয়ন্ত্রণ, ফুটপাথ দখলমুক্ত করা এবং স্থানীয় প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দ্রুত সমাধানের বিষয়গুলো আলোচনায় গুরুত্ব পায়।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### প্রধানমন্ত্রীর সঙ্গে আইএমএফ পরিচালকের বৈঠক

সচিবালয়ে আজ সকালে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে বৈঠক করেছেন আন্তর্জাতিক মুদ্রা তহবিল আইএমএফ এর এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণ শ্রীনিবাসন। মঙ্গলবার (২৪ মার্চ) সকাল ১০টার দিকে মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর দপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, অর্থ উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর এবং অর্থ সচিব ড. মো. খায়েরুজ্জামান মজুমদার।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

যুদ্ধ পরিস্থিতি অর্থনীতিতে চাপ বাড়াচ্ছে, বাংলাদেশও বাইরে নয়

বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) চলমান অর্থায়ন ও নীতিগত আলোচনা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন সংস্থাটির এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণ শ্রীনিবাসন। তিনি বলেছেন, যে কোনো অর্থায়ন সংক্রান্ত আলোচনা সব সময়ই নীতিগত আলোচনার সঙ্গে সম্পর্কিত। বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতিতে সব দেশই অনিশ্চয়তার মধ্যে দিয়ে যাচ্ছে। বিশেষত যুদ্ধ পরিস্থিতি অর্থনীতিতে চাপ তৈরি করছে। বাংলাদেশও এর বাইরে নয়। মঙ্গলবার (২৪ মার্চ) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। কৃষ্ণ শ্রীনিবাসন জানান, অর্থমন্ত্রীর সঙ্গে তার এ বিষয়ে অত্যন্ত ফলপ্রসূ আলোচনা হয়েছে এবং এ প্রক্রিয়া চলমান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### ব্রাহ্মণবাড়িয়ায় দু'পক্ষের সংঘর্ষে নিহত ২

ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর উপজেলায় দুইপক্ষের সংঘর্ষে আক্তার মিয়া ও হাবিব মিয়া নামে দুইজন নিহত হয়েছেন। মঙ্গলবার বেলা ১১টা থেকে উপজেলার গোয়ালনগর ইউনিয়নের গোয়ালনগর গ্রামে পূর্ব শত্রুতার জেরে এ সংঘর্ষ শুরু হয়। এতে আহত হয়েছেন উভয় গোষ্ঠীর অন্তত ৩০ জন। দুপুর আড়াইটায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত সংঘর্ষ চলছিল। আহতদেরকে নাসিরনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হচ্ছে। পুলিশ ও স্থানীয়রা জানান, সদ্য সমাপ্ত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন সকালে গোয়ালনগর উচ্চবিদ্যালয় ভোটকেন্দ্রে অনিয়মের অভিযোগে বিএনপির সমর্থক রহিম তালুকদার গোষ্ঠীর জিয়াউর রহমানকে আটক করে আইন-শৃঙ্খলা বাহিনী। পরে ভ্রাম্যমাণ আদালতে তাকে ১০ দিনের কারাদণ্ড দেন। এ ঘটনায় জিয়াউর রহমান একই গ্রামের কাসেম মিয়ার গোষ্ঠীর শিশু মিয়াকে সন্দেহ করে প্রতিশোধপরায়ণ হয়ে ওঠেন। বিষয়টি নিয়ে দুই গোষ্ঠীর মধ্যে উত্তেজনা চলে আসছিল। এর জের ধরে গত কয়েকদিন আগেও দুই গোষ্ঠী সংঘর্ষে জড়ায়। একই ঘটনায় আজ মঙ্গলবার সকালে ফের রহিম গোষ্ঠী ও কাসেম গোষ্ঠীর লোকজন টেটা-বল্লম নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। এতে টেটাবদ্ধ হয়ে আক্তার মিয়া ও হাবিব মিয়া মারা যান। আহত হন উভয়পক্ষের অন্তত ৩০ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### জুলাই যোদ্ধাদের দায়মুক্তি সরকার গ্রহণ করবে : স্বরাষ্ট্রমন্ত্রী

জুলাই গণ-অভ্যুত্থানের মূল চেতনা ও আকাঙ্ক্ষাকে ধারণ করেই বর্তমান সরকার যাবতীয় পদক্ষেপ গ্রহণ করবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। বিশেষ করে, জুলাই আন্দোলনে অংশগ্রহণকারী যোদ্ধাদের যে 'ইনডেমনিটি' দেওয়া হয়েছে, তা সরকার গ্রহণ করবে বলেও নিশ্চিত করেছেন তিনি। মঙ্গলবার সকালে জাতীয় সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে ত্রয়োদশ জাতীয় সংসদের বিশেষ কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে যোগ দেওয়ার আগে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সালাহউদ্দিন আহমদ বলেন, 'অন্তর্বর্তীকালীন সরকারের আমলে মোট ১৩৩টি অধ্যাদেশ জারি করা হয়েছিল। আজকের বৈঠকে এসব অধ্যাদেশ নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হবে। সংসদীয় নিয়ম অনুযায়ী, ৩০ কর্মদিবসের মধ্যে এই বিষয়গুলোর চূড়ান্ত সুরাহা করতে হবে। আমরা প্রতিটি ক্ষেত্রে জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে সিদ্ধান্ত নেবো।' বিগত আওয়ামী লীগ সরকারের আমলে বিভিন্ন প্রতিষ্ঠানের রাজনৈতিক নামকরণের বিষয়েও কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, বিভিন্ন প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের বিষয়টি আজকের আলোচনার অন্যতম প্রধান এজেন্ডা। জনগণের দাবির মুখে বিতর্কিত সব নামকরণ পরিবর্তনের বিষয়ে কার্যকর সিদ্ধান্ত নেওয়া হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### ঘোষণার তিন বছরেও 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' জোটেনি ১৭৮ শিক্ষার্থীর

তিন বছর আগে প্রধানমন্ত্রী স্বর্ণপদকের জন্য মনোনীত হন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ থেকে স্নাতক শেষ করা মারুফাতুন নাহার। অথচ এখনো তার গলায় ওঠেনি সেই পদক, হাতে পাননি কোনো সনদও। শুধু মারুফাতুন নাহার নয়, একইভাবে মনোনীত হয়েও স্বর্ণপদক-বঞ্চিত দেশের ৩৭টি বিশ্ববিদ্যালয়ের ১৭৮ জন কৃতি শিক্ষার্থী। ঘোষণার দীর্ঘদিন পার হলেও পদক হাতে না পেয়ে ক্ষুব্ধ অনেকে। কেউ কেউ আবার স্বর্ণপদক পাওয়ার আশাও ছেড়ে দিয়েছেন। অনেকে পাড়ি জমিয়েছেন বিদেশে। উচ্চশিক্ষা নিয়ে সেখানে স্থায়ীও হয়েছেন কয়েকজন।

শিক্ষাক্ষেত্রে দেশের সর্বোচ্চ পুরস্কার ও সম্মাননা ‘প্রধানমন্ত্রী স্বর্ণপদকে’ মনোনীত হয়েও তাদের কোনো কাজে আসেনি। পাশাপাশি, ২০২০ সাল থেকে ২০২৫ সাল পর্যন্ত ছয় বছরে আরও অন্তত ১২০০ জনের এ পদক পাওয়ার কথা থাকলেও, তা ঘোষণা দেওয়া হয়নি। জট পড়ে আটকে গেছে তাদের পদকপ্রাপ্তি। এ নিয়ে হতাশ মেধাবী গ্র্যাজুয়েটরা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### আকাশ প্রতিরক্ষা জোরদারে সরকারকে আইনি নোটিশ

আধুনিক আকাশপথের যুদ্ধের হুমকি থেকে নাগরিকদের সুরক্ষা এবং দেশের জাতীয় নিরাপত্তা ও সার্বভৌমত্ব রক্ষায় অবিলম্বে অত্যাধুনিক বিদেশি আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ক্রয় এবং নিজস্ব প্রযুক্তিতে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা তৈরির জন্য গবেষণা ও উন্নয়ন কার্যক্রম চালুর দাবিতে সরকারের সংশ্লিষ্টদের প্রতি আইনি নোটিশ পাঠানো হয়েছে। জনস্বার্থে মঙ্গলবার সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান এই আইনি নোটিশ পাঠান। মন্ত্রিপরিষদ সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব, অর্থ মন্ত্রণালয়ের সচিব, সশস্ত্র বাহিনী বিভাগের প্রধান কর্মসূচি কর্মকর্তা এবং বাংলাদেশ সমরাস্ত্র কারখানার কমান্ড্যান্ট বরাবর এই নোটিশে বিবাদী করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### অতিরিক্ত চাহিদায় জ্বালানি তেল সরবরাহের প্রক্রিয়াটা ভেঙে পড়েছে : জ্বালানি মন্ত্রী

গ্রাহকদের অতিরিক্ত চাহিদার কারণে জ্বালানি তেল সরবরাহের স্বাভাবিক প্রক্রিয়াটা ভেঙে পড়েছে বলে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। জ্বালানি তেলের দাম বাড়ানোর কোনো সিদ্ধান্ত আপাতত নেই বলেও জানিয়েছেন তিনি। মঙ্গলবার সচিবালয়ে নিজ দপ্তরের সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা জানান। মানুষ লাইনে দাঁড়িয়েও তেল পাচ্ছে না। আপনি কালকেও বলেছেন যে, আসলে তেলের সংকট নাই, তাহলে মানুষ তেল পাচ্ছে না কেন- এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ‘সমস্যাটা হচ্ছিল যে, সকাল বেলা আগে যেমন ট্যাংক-লরি ওরা ভরতো, সারাদিন বিক্রি করেও তেল উদ্বৃত্ত থাকতো। কিন্তু ওরা এ রকম লাইন দিয়ে বিক্রি করার পরে উদ্বৃত্ত থাকে না। আর আমাদের ডিপোগুলো থেকে তেল ট্রাক দিয়ে ভরতে টাইম লাগে, এজন্য সকাল বেলা আর্লি মর্নিংয়ে তেল থাকে না, পরে তো থাকে।’ তিনি বলেন, কিন্তু ইউ হ্যাভ টু আন্ডারস্ট্যান্ড ওয়ান থিং। ডিম্যান্ড আর স্টক তো হঠাৎ করে এ রকম ডিম্যান্ড বেড়ে গেছে যে, যারা নাকি সারাদিনে যে তেল বিক্রি করতো, সেই তেল তিন ঘণ্টায় এসে শেষ করে ফেলছে। তো ন্যাচারালি তেল শেষ হয়ে যাবে তো।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### এবারের ঈদটি ছিল সেরা: ইসি আনোয়ার

পবিত্র ঈদুল ফিতরের আনন্দঘন ছুটির পর আজ আবারও মুখরিত হয়ে উঠেছে নির্বাচন কমিশন (ইসি)। দীর্ঘ বিরতির শেষে কর্মব্যস্ততায় ফিরেছে রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত এই সাংবিধানিক প্রতিষ্ঠানটি। মঙ্গলবার সকালে আগারগাঁওয়ের নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে এক আনন্দঘন ঈদ-পরবর্তী পুনর্মিলনী সভা অনুষ্ঠিত হয়। দীর্ঘ ছুটির পর কর্মস্থলে ফিরে কমিশনের সব স্তরের কর্মকর্তা ও কর্মচারীরা পারস্পরিক শুভেচ্ছা বিনিময় করেন। ঈদ শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে উপস্থিত হয়ে নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার ঈদের ছুটি নিয়ে নিজের সন্তুষ্টি প্রকাশ করেন। উৎসবের আমেজ ও সুন্দর পরিবেশের প্রশংসা করে তিনি মন্তব্য করেন, ‘এবারের ঈদটি ছিল আমার জীবনের অন্যতম সেরা একটি ঈদ। জাতিকে এত সুন্দর নির্বাচন উপহার দেওয়ার পর, সবার সঙ্গে মিলে ঈদের নামাজ আদায় করাটা ছিল দারুণ আত্মতৃপ্তির।’ (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### ঈদের পর প্রথম কর্মদিবসে সচিবালয়ে উপস্থিতি কম

ঈদুল ফিতরের পর মঙ্গলবার খুলেছে সরকারি অফিস। তবে ঈদের পর প্রথম কর্মদিবসে প্রশাসনের প্রাণকেন্দ্র সচিবালয়ে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি কম। সকাল থেকে সচিবালয়ের বিভিন্ন দপ্তর ঘুরে দেখা গেছে, সেকশনগুলোতে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি কম। মঙ্গলবার সকাল ৯টা থেকে সরকারি অফিস শুরু হয়েছে। অফিস চলবে বিকেল ৫টা পর্যন্ত। প্রথম কর্মদিবসে সকাল ৯টা ১ মিনিটে সচিবালয়ে এসে উপস্থিত হন প্রধানমন্ত্রী তারেক রহমান। বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিমন্ত্রীরও যথাসময়ে সচিবালয়ের দপ্তরে আসেন। ঈদের পর প্রথম অফিসে এসে কর্মকর্তা-কর্মচারীদের একে অপরের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করতে দেখা গেছে। সহকর্মীদের সঙ্গে করেছেন কোলাকুলি। মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিবরা এসে কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। সচিবালয়ের গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় ঘুরে দেখা গেছে, কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি কিছুটা কম। যে-সব কক্ষে একাধিক প্রশাসনিক কর্মকর্তাসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী বসেন, এমন কক্ষগুলোতে অনেকেই অনুপস্থিত রয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### নাটোরে ট্রাক-ইজিবাইক সংঘর্ষ, নিহত ৩

নাটোরের লালপুরে বালু বোঝাই ট্রাক ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত চারজন। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। মঙ্গলবার সকালে লালপুর-ঈশ্বরদী আঞ্চলিক মহাসড়কের দক্ষিণ লালপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন-

লালপুর উপজেলার ছোট বাদকয়া গ্রামের জোহা মাস্টারের ছেলে জাহিদুল ইসলাম ও সেকেন আলীর ছেলে মনির হোসেন। অপরজনের পরিচয় এখনো জানা যায়নি। লালপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মজিবর রহমান জানান, সকালে হঠাৎ যাত্রীবাহী ইজিবাইক নিয়ন্ত্রণ হারিয়ে ভিন্ন লেনে চলে গেলে বিপরীতমুখী ট্রাকের সঙ্গে সংঘর্ষ হয়। সংঘর্ষের পর ট্রাকটি একটি দোকানে ঢুকে পড়ে। মরদেহগুলো উদ্ধার করে থানায় নেওয়া হয়েছে বলেও জানান ওসি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### যশোরে গাছে প্রাইভেটকারের ধাক্কা, বাবা-ছেলেসহ একই পরিবারের ৩ জন নিহত

চুয়াডাঙ্গায় আত্মীয়ের বাড়ি বেড়াতে গিয়ে ফেরার পথে গাছের সঙ্গে প্রাইভেটকারের ধাক্কা যশোরের মণিরামপুরের এক পরিবারের তিনজন নিহত হয়েছেন। গুরুতর আহত হয়েছেন প্রাইভেটকারে থাকা ওই পরিবারের আরও তিনজন। আহতদের উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে। সোমবার দিনগত রাত আড়াইটার দিকে যশোর-মাগুরা সড়কের গাইদঘাট এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন মণিরামপুর বাজারের ইন্টারনেট ব্যবসায়ী মাহমুদ হাসান জাকারিয়া জনি, তার বাবা মণিরামপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সাবেক পরিচালক আব্দুল মজিদ সরদার ও জনির চার বছরের মেয়ে শেহেরিশ। বারোবাজার হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আলমগীর কবির ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। পুলিশ জানায়, প্রাইভেটকারটি যশোরের দিকে আসছিল। রাত আড়াইটার দিকে গাইদঘাট এলাকায় পৌঁছালে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার বিপরীত পাশে বটগাছের সঙ্গে ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই মারা যান গাড়িটিতে থাকা চালক জনি ও তার বাবা আব্দুল মজিদ।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ আসাদ)

### শনিবারও খোলা থাকবে প্রাথমিক বিদ্যালয়

চলতি বছর রমজান জুড়ে ছুটি ঘোষণা করায় শিখন ঘাটতি পূরণে ১০টি শনিবার (সাপ্তাহিক ছুটির দিন) প্রাথমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। মঙ্গলবার (২৪ মার্চ) মন্ত্রণালয়ের উপ-পরিচালক মো. জয়নাল আবেদীনের সই করা পরিপত্রে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। পরিপত্রে বলা হয়েছে, রমজান জুড়ে বিদ্যালয় ছুটি ঘোষণা করায় শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে ১০টি শনিবার পাঠদান কার্যক্রম পরিচালনার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নির্দেশনা দিয়েছে। ‘এমতাবস্থায়, উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।’ (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### হাদি হত্যায় অভিযুক্তদের কলকাতা থেকে পাঠানো হলো দিল্লিতে

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি হত্যার প্রধান দুই অভিযুক্ত ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল এবং আলমগীর হোসেন। অধিকতর তদন্তের স্বার্থে ভারতের কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার (এনআইএ) আবেদনের প্রেক্ষিতে মঙ্গলবার (২৪ মার্চ) অভিযুক্তদের কলকাতা থেকে দিল্লিতে নেওয়া হয়েছে। অভিযুক্তদের গত ২২ মার্চ উত্তর চব্বিশ পরগনা জেলার বিধাননগর মহকুমা আদালতে তোলা হলে ১২ দিনের বিচার বিভাগীয় হেফাজত (জেল হাজত) নির্দেশ দেয় আদালত। সেক্ষেত্রে আগামী ২ এপ্রিল তাদের ফের আদালতে তোলা হতো। তাদের বিরুদ্ধে ফরেনার্স আইনে মামলা দায়ের করা ছিল। তবে গত ২২ মার্চ ভারতের কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার পক্ষ থেকে নতুন করে আদালতে আবেদন করা হয়। আনলফুল এন্টিভিটিস (প্রিভেনশন) আইন বা ইউএপিএ আইনের ১৬ এবং ১৮ ধারায় মামলা দায়ের করা হয়। এনআইএ আবেদন জানিয়েছে যে, তারা যাতে কারাগারে গিয়ে অভিযুক্তদেরকে জেরা করতে পারে। আদালত তাতে সম্মতি জানায়। গতকাল আবারও ভারতের কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)-এর তরফে আদালতে আবেদন জানানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### মার্চের ২৩ দিনে রেমিট্যান্স এলো ৩৪,৫০২ কোটি টাকা

চলতি (মার্চ) মাসের ২৩ দিনে প্রায় ২ দশমিক ৮৩ বিলিয়ন ডলারের (২৮২ কোটি ৮০ লাখ ডলার) রেমিট্যান্স বা প্রবাসী আয় পাঠিয়েছেন বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা। দেশীয় মুদ্রায় যার পরিমাণ (প্রতি ডলার ১২২ টাকা হিসাবে) প্রায় ৩৪ হাজার ৫০২ কোটি টাকা। মঙ্গলবার (২৪ মার্চ) বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান এ তথ্য জানিয়েছেন। কেন্দ্রীয় ব্যাংকের সর্বশেষ তথ্যে দেখা গেছে, মার্চের প্রথম ২৩ দিনে প্রবাসীরা দেশে পাঠিয়েছেন প্রায় ২ দশমিক ৮৩ বিলিয়ন (২৮২ কোটি ৮০ লাখ ডলার) মার্কিন ডলার। গত বছরের একই সময়ে এসেছিল ২৬৩ কোটি ৩০ লাখ ডলারের রেমিট্যান্স। সে হিসাবে গত বছরের একই সময়ের তুলনায় ১৯ কোটি ৫০ লাখ ডলার বা ২ হাজার ৩৭৯ কোটি টাকা বেশি এসেছে। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুযায়ী, গত ফেব্রুয়ারিতে দেশে রেমিট্যান্স এসেছে ৩০২ কোটি বা ৩ দশমিক ০২ বিলিয়ন ডলার। দেশীয় মুদ্রায় যার পরিমাণ প্রায় ৩৭ হাজার কোটি টাকা। আগের বছরের একই মাসের তুলনায় ফেব্রুয়ারিতে রেমিট্যান্স বেড়েছে ১৯ দশমিক ৫ শতাংশ। গত বছরের ফেব্রুয়ারিতে রেমিট্যান্স এসেছিল ২৫২ কোটি ডলার। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### মানবপাচার মামলায় ৫ দিনের রিমাণ্ডে মাসুদ উদ্দিন চৌধুরী

রাজধানীর পল্টন থানায় করা মানবপাচার মামলায় সাবেক সংসদ সদস্য ও এক/এগারোর আলোচিত সাবেক সেনা কর্মকর্তা মাসুদ উদ্দিন চৌধুরীর পাঁচদিনের রিমাণ্ডে মঞ্জুর করেছেন আদালত। মঙ্গলবার (২৪ মার্চ) সন্ধ্যায় ঢাকার চিফ

মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে আসামিকে হাজির করা হলে মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমিনুল ইসলাম জুনাইদ এ রিমান্ড মঞ্জুর করেন। যদিও মামলার তদন্তের স্বার্থে ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি) ১০ দিনের রিমান্ড আবেদন করেছিল। এর আগে, সোমবার (২৩ মার্চ) গভীর রাতে ডিবির একটি বিশেষ দল রাজধানীর বারিধারা ডিওএইচএসের একটি বাড়িতে অভিযান চালিয়ে অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরীকে গ্রেফতার করে। ডিবিপ্রধান অতিরিক্ত পুলিশ কমিশনার মো. শফিকুল ইসলাম জানান, মাসুদ উদ্দিন চৌধুরীর বিরুদ্ধে মানবপাচার, প্রতারণা, চাঁদাবাজি, হত্যাসহ ঢাকায় পাঁচ এবং ফেনীতে ছয়টি মামলা রয়েছে। ফেনীর একটি মামলায় তার বিরুদ্ধে আগেই গ্রেফতারি পরোয়ানা জারি ছিল। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### যুদ্ধ পরিস্থিতি অর্থনীতিতে চাপ বাড়াচ্ছে, বাংলাদেশও বাইরে নয়

বাংলাদেশের সঙ্গে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) চলমান অর্থায়ন ও নীতিগত আলোচনা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন সংস্থাটির এশিয়া ও প্যাসিফিক বিভাগের পরিচালক কৃষ্ণ শ্রীনিবাসন। তিনি বলেছেন, যে-কোনো অর্থায়ন সংক্রান্ত আলোচনা সব সময়ই নীতিগত আলোচনার সঙ্গে সম্পর্কিত। বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতিতে সব দেশই অনিশ্চয়তার মধ্যে দিয়ে যাচ্ছে। বিশেষত যুদ্ধ পরিস্থিতি অর্থনীতিতে চাপ তৈরি করছে। বাংলাদেশও এর বাইরে নয়। মঙ্গলবার (২৪ মার্চ) সচিবালয়ে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। কৃষ্ণ শ্রীনিবাসন জানান, অর্থমন্ত্রীর সঙ্গে তার এ বিষয়ে অত্যন্ত ফলপ্রসূ আলোচনা হয়েছে এবং এ প্রক্রিয়া চলমান। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### জেট ফুয়েলের দাম এক ধাক্কায় ৮০ শতাংশ বাড়লো

বাংলাদেশে উড্ডোজাহাজে ব্যবহৃত জ্বালানি জেট ফুয়েলের দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। এবার এক ধাক্কায় প্রায় ৮০ শতাংশ দাম বাড়ানো হয়েছে। মঙ্গলবার (২৪ মার্চ) নতুন এ দাম ঘোষণা করে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন। অভ্যন্তরীণ রুটে ফ্লাইটের জন্য প্রতি লিটার জেট ফুয়েলের দাম ১১২ টাকা ৪১ পয়সা থেকে বাড়িয়ে ২০২ টাকা ২৯ পয়সা করা হয়েছে। অর্থাৎ লিটারপ্রতি দাম বাড়ানো হয়েছে ৮৯ টাকা ৮৮ পয়সা বা ৮০ শতাংশ। এছাড়া, আন্তর্জাতিক ফ্লাইটের জন্য প্রতি লিটার ফুয়েলের দাম ০.৭৩৮৪ ডলার থেকে বাড়িয়ে ১.৩২১৬ ডলার নির্ধারণ করা হয়েছে। দাম বাড়ার হার প্রায় ৭৯ শতাংশ।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### জেট ফুয়েলের 'অযৌক্তিক' মূল্যবৃদ্ধি পুনর্বিবেচনার আহ্বান

জেট ফুয়েলের মূল্যবৃদ্ধিকে অযৌক্তিক দাবি করে তা পুনর্বিবেচনার আহ্বান জানিয়েছে দেশের বেসরকারি এয়ারলাইনসগুলোর সংগঠন অ্যাভিয়েশন অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (এওএবি)। মঙ্গলবার (২৪ মার্চ) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ আহ্বান জানায় এওএবি। বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) এক সিদ্ধান্তে জেট ফুয়েলের (জেট এ-১) মূল্য প্রায় ৮০ শতাংশ বৃদ্ধি করেছে, যা দেশের বিমান চলাচল খাতের জন্য অত্যন্ত ক্ষতিকর ও অযৌক্তিক। আজ বিইআরসির সভায় ৫ থেকে ২২ মার্চ সময়ের প্ল্যাটস হারের গড়, জানুয়ারি থেকে জুন সময়ের পরিবর্তিত প্রিমিয়াম, মার্কিন ডলারের বিনিময় হার ও ডিজেলের মূল্য অপরিবর্তিত বিবেচনায় জেট এ-১ এর মূল্য পুনর্নির্ধারণ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### গণহত্যা ও স্বাধীনতা দিবস ঘিরে বিশেষ নিরাপত্তায় র্যাব

আগামীকাল ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ২৫ থেকে ২৬ মার্চ পর্যন্ত ঢাকাসহ সারাদেশে পর্যাপ্ত সংখ্যক র্যাব সদস্য মোতায়েন করা হয়েছে। যে-কোনো ধরনের বিশৃঙ্খলা ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে অগ্রিম পদক্ষেপ হিসেবে সাদা পোশাকধারী গোয়েন্দা নজরদারি বাড়ানো হয়েছে এবং বিশেষ নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। মঙ্গলবার (২৪ মার্চ) এক সংবাদ বিজ্ঞপ্তিতে নিরাপত্তা বিষয়ক এ তথ্য জানায় র্যাব। র্যাব জানিয়েছে, ২৬ মার্চ জাতীয় স্মৃতিসৌধ, জাতীয় প্যারেড স্কয়ারসহ সারাদেশে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে নানান কর্মসূচির আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ের এসব অনুষ্ঠানে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রিসভার সদস্য, সামরিক ও বেসামরিক কর্মকর্তা, কূটনৈতিক মিশনের সদস্য এবং গণ্যমান্য ব্যক্তির উপস্থিতি থাকবেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### মানহানি মামলায় ইনু-মেনন-মানিকের জামিন

রাজধানীর কোতোয়ালি থানায় করা মানহানির একটি মামলায় সাবেক দুই মন্ত্রী হাসানুল হক ইনু ও রাশেদ খান মেনন এবং সাবেক বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন চৌধুরী মানিককে জামিন দিয়েছেন আদালত। মঙ্গলবার (২৪ মার্চ) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট রৌনক জাহান তাকির আদালত শুনানি শেষে তাদের জামিন মঞ্জুর করেন। মামলা সূত্রে জানা যায়, বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে নিয়ে আপত্তিকর মন্তব্য দেওয়ার অভিযোগে এ মামলা করা হয়। ওই মামলায় গত ২১ জানুয়ারি রাশেদ খান মেনন ও শামসুদ্দিন চৌধুরী মানিককে গ্রেফতার দেখানো হয়েছিল। আজ শুনানি শেষে আদালত তিনজনকেই জামিন দেওয়ার আদেশ দেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### জাবি ছাত্রী খাদিজা হত্যায় স্বামী ফাহিম দুইদিনের রিমাণ্ডে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী শারমিন জাহান খাদিজা হত্যা মামলায় স্বামী ফাহিম আল হাসানকে দুইদিনের রিমাণ্ড দিয়েছেন আদালত। মঙ্গলবার (২৪ মার্চ) ঢাকার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মাহফুজুর রহমান এ আদেশ দেন। আদালতে আশুলিয়া থানার সাধারণ নিবন্ধন কর্মকর্তা (উপ-পরিদর্শক) বিশ্বজিৎ দেবনাথ বিষয়টি নিশ্চিত করেন। মামলার তদন্ত কর্মকর্তা পুলিশের উপ-পরিদর্শক শহীদুজ্জামান গত ১৬ মার্চ পাঁচদিনের রিমাণ্ডের আবেদন করেন। আদালত তখন আসামিকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন ও পুনরায় রিমাণ্ড শুনানির জন্য ২৪ মার্চ ধার্য করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### রুশ নৌবাহিনীর দুই জাহাজ ভিড়েছে চট্টগ্রাম বন্দরে

বাংলাদেশে চারদিনের শুভেচ্ছা সফরে রাশিয়ান নৌবাহিনীর দুটি জাহাজ রেজকি এবং সোভারচেনি মঙ্গলবার (২৪ মার্চ) চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছেছে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। আইএসপিআর জানায়, জাহাজ দুটি বন্দরে আগমনকালে কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চলের চিফ স্টাফ অফিসার সফরকারী জাহাজের অধিনায়ক, কর্মকর্তা ও নাবিকদের স্বাগত জানান। এসময় বাংলাদেশে নিযুক্ত রাশিয়ার উপ-রাষ্ট্রদূত, মিলিটারি, এয়ার ও নেভাল অ্যাটাশে এবং নৌবাহিনীর স্থানীয় উর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### কালুরঘাট বেতার কেন্দ্রে জাদুঘর নির্মাণ করা হবে : সংস্কৃতি মন্ত্রী

চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্রকে সংরক্ষণ ও সেখানে জাদুঘর নির্মাণ করা হবে বলে জানিয়েছেন সংস্কৃতিবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট নিতাই রায় চৌধুরী। তিনি বলেন, যে জাতি তার ইতিহাস ভুলে যায়, সে জাতির অস্তিত্ব টিকে থাকতে পারে না। মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস সংরক্ষণ করা অত্যন্ত জরুরি। তাই ভবিষ্যৎ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের স্মৃতি ও বীরত্বগাঁথা তুলে ধরতে উদ্যোগ জোরদার করা হবে। মঙ্গলবার (২৪ মার্চ) দুপুরে চট্টগ্রামের ঐতিহাসিক কালুরঘাট স্বাধীন বাংলা বেতার কেন্দ্র পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। এসময় সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব মফিদুর রহমান, চট্টগ্রামের বিভাগীয় কমিশনার ড. মো. জিয়াউদ্দীন, জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞাসহ সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### এপ্রিলের মধ্যে রাজধানীর যানজট সমস্যা অনেকটা নিরসন হবে

স্বল্পমেয়াদি পরিকল্পনাগুলো আগামী এপ্রিল মাসের মধ্যে বাস্তবায়ন হলে রাজধানীর যানজট সমস্যার অনেকটা নিরসন হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার (২৪ মার্চ) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে ‘ঢাকা শহরের যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন’ বিষয়ক সভা শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, “ট্রাফিক ব্যবস্থার উন্নয়নের যে পরিকল্পনা মাননীয় প্রধানমন্ত্রী হাতে নিয়েছেন, তার অংশ হিসেবে আমরা স্বল্পমেয়াদি কী করতে পারি, মধ্যমেয়াদি কী করতে পারি এবং দীর্ঘমেয়াদি কী করতে পারি- সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়েছে। সংশ্লিষ্ট সব দপ্তর- ডিএমপি, সিটি করপোরেশনের দুই প্রশাসন, হোম মিনিস্ট্রি, রাজউক এবং বুয়েটের বিশেষজ্ঞ, অন্যান্য সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় যারা এগুলোর সঙ্গে জড়িত, আর ডিটিসিএসহ আরও অন্যান্য কর্তৃপক্ষ সবাই উপস্থিত ছিলেন।’ সভায় সিদ্ধান্তমূলক অনেক আলোচনা হয়েছে জানিয়ে মন্ত্রী বলেন, স্বল্পমেয়াদি কী কী বিষয়ে আমরা অ্যাড্রেস করতে পারি। এগুলো সবই রেজুলেশন আকারে পরে জানানো হবে, আমি এখানে বিস্তারিত কিছু বলতে চাই না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### প্রধানমন্ত্রীর পিএস পরিচয়ে প্রতারণা, আব্দুস সালাম ৪ দিনের রিমাণ্ডে

প্রধানমন্ত্রীর ব্যক্তিগত সহকারী (পিএস) হিসেবে ভূয়া পরিচয় দিয়ে প্রতারণার অভিযোগে গ্রেফতার মো. আব্দুস সালামকে চারদিনের রিমাণ্ডে নেওয়ার নির্দেশ দিয়েছেন আদালত। মঙ্গলবার (২৪ মার্চ) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমিনুল ইসলাম জুনায়েদ শুনানি শেষে এ রিমাণ্ড মঞ্জুর করেন। আদালতের সাধারণ নিবন্ধন শাখার কর্মকর্তা উপ-পরিদর্শক (এসআই) রফিকুল ইসলাম জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। গত ১৫ মার্চ রাজধানীর আগারগাঁওয়ের পানির ট্যাংক এলাকা থেকে সালামকে গ্রেফতার করে পুলিশের গোয়েন্দা শাখা। পরদিন তাকে আদালতে হাজির করে পাঁচদিনের রিমাণ্ড আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা। অন্যদিকে আসামিপক্ষের আইনজীবী জামিনের আবেদন করলে আদালত তা নামঞ্জুর করে আজ রিমাণ্ড শুনানির জন্য দিন ধার্য করেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### জুলাইয়ের আকাঙ্ক্ষা বাস্তবায়নের ক্ষেত্রেও সংবিধান অবশ্যই এগিয়ে থাকবে

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, আমরা সংবিধান এবং জুলাই গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা দুটিকে সমন্বয় করে এগিয়ে যেতে চাই। তবে এক্ষেত্রে সংবিধান অন্য সব কিছুর চেয়ে অবশ্যই এগিয়ে থাকবে। মঙ্গলবার (২৪ মার্চ) জাতীয় সংসদ ভবনের কেবিনেট কক্ষে ত্রয়োদশ জাতীয় সংসদের বিশেষ কমিটির প্রথম বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। বৈঠকটি শুরু হয় বেলা ১১টায়। সংবিধান ও জুলাই

গণ-অভ্যুত্থানের আকাঙ্ক্ষা- এ দুটির মধ্যে বৈপরীত্য থাকলেও কোনটিকে প্রাধান্য দেওয়া হবে, এদিন আইনমন্ত্রীর কাছে এমন প্রশ্ন রাখেন সাংবাদিকরা। আইনমন্ত্রী বলেন, ১৩৩টি অধ্যাদেশ নিয়ে যাচাই-বাছাই করার জন্য সংসদ একটি বিশেষ কমিটি গঠন করেছে। আমরা সেই কমিটিতে বসেছিলাম, যাচাই-বাছাই করছি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### জুলাই যোদ্ধাদের দায়মুক্তি অধ্যাদেশে একমত সংসদীয় বিশেষ কমিটি

জুলাই গণ-অভ্যুত্থানে অংশ নেওয়া ছাত্র-জনতাকে আইনি সুরক্ষা দিতে জারি করা দায়মুক্তি অধ্যাদেশ হুবহু বিল আকারে সংসদে সুপারিশের বিষয়ে একমত হয়েছে সংসদীয় বিশেষ কমিটি। একইসঙ্গে অন্তর্বর্তী সরকারের জারি করা ১৩৩টি অধ্যাদেশ যাচাই-বাছাই শেষে আগামী ২ এপ্রিলের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন জমা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কমিটি। মঙ্গলবার (২৪ মার্চ) দুপুরে জাতীয় সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে বিশেষ কমিটির প্রথম বৈঠক থেকে বের হয়ে সাংবাদিকদের এ কথা জানান স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। মন্ত্রী বলেন, “জুলাই অভ্যুত্থানে অংশ নেওয়া ছাত্র-জনতাকে দায়মুক্তি দেওয়ার যে অধ্যাদেশ রয়েছে, তার সঙ্গে সংসদীয় বিশেষ কমিটি পূর্ণ একমত পোষণ করেছে। এই বীর যোদ্ধাদের আইনি সুরক্ষা নিশ্চিত করা আমাদের নৈতিক ও রাষ্ট্রীয় দায়িত্ব।”

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### ঢাকার যানজট কমাতে ৭ সিদ্ধান্ত সরকারের

রাজধানী ঢাকার যানজট কমানো এবং ট্রাফিক ব্যবস্থাকে আধুনিক ও যুগোপযোগী করার জন্য সরকার বিশেষ উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে বেশ কিছু সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যার মধ্যে রয়েছে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনাও। মঙ্গলবার (২৪ মার্চ) সচিবালয়ে অনুষ্ঠিত ‘ঢাকা শহরের যানজট নিরসন ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়ন’ বিষয়ক এক বৈঠকে এসব বিষয়ে আলোচনা হয়। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান সভাপতিত্ব করেন। বৈঠকের বরাত দিয়ে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানান, বৈঠকে ঢাকার যানজট নিরসনে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী দ্রুত ও কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্ব দেওয়া হবে। বৈঠকে অংশ নেওয়া সংশ্লিষ্টরা মনে করছেন, স্বল্পমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন হলে এপ্রিলের শেষ নাগাদ ঢাকার যানজট অনেকটা নিরসন করা সম্ভব হবে। মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন করলে ঢাকার ট্রাফিক ব্যবস্থায় ব্যাপক উন্নয়ন হবে। বৈঠকের মূল সিদ্ধান্তসমূহ :

১. ঢাকার ১২০টি ট্রাফিক সিগন্যাল দেশীয় প্রযুক্তিতে অটোমেশন করা হবে।
২. শহরের চারপাশে নতুন বাইপাস সড়ক এবং ভেতরে ওভারপাস ও আন্ডারপাস নির্মাণ করা হবে।
৩. যত্রতত্র থাকা বাস কাউন্টার সরিয়ে পাঁচটি আন্তঃজেলা বাস টার্মিনাল শহরের বাইরে স্থাপন করা হবে। এই টার্মিনালগুলো শুধু সিটি সার্ভিসে ব্যবহার হবে।
৪. রাস্তার দু’পাশের সড়ক দখলমুক্ত করা হবে এবং রাস্তার মাঝে বিদ্যুতের খুঁটি সরিয়ে ফেলা হবে।
৫. ঢাকা শহরের ভেতরে লেভেল ক্রসিংয়ে ম্যানুয়াল ব্যবস্থা বজায় রেখে অটো সিগন্যাল লাইটিং সিস্টেম চালু করা হবে।
৬. সিটি বাসকে জিপিএস (গ্লোবাল পজিশনিং সিস্টেম) সিস্টেমের আওতায় আনা হবে।
৭. অধিকাংশ ফুটওভার ব্রিজে চলন্ত সিঁড়ি স্থাপন করা হবে এবং হাসপাতাল এলাকায় দেশীয় প্রযুক্তিতে তৈরি লিফট বসানো হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### জুলাই চেতনা বাস্তবায়নে সংবিধান পরিবর্তনের প্রয়োজন হলে, আমরা করবো

জুলাই বিপ্লবের আকাঙ্ক্ষাকে প্রাধান্য দিয়ে প্রয়োজনে সংবিধান পরিবর্তনের কথা জানিয়েছেন বিরোধীদলীয় হুইপ ও জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল রফিকুল ইসলাম খান। তিনি বলেন, সংবিধান মানুষের জন্য, সংবিধানের জন্য মানুষ নয়। জুলাই চেতনাকে সম্মুখ রেখে সংবিধানের পরিবর্তনের দরকার হলে, পরিবর্তন হবে। তাই জুলাই বিপ্লবের আকাঙ্ক্ষা বাস্তবায়নে সংবিধানের কোনো ধারা পরিবর্তনের বিষয়ে কেউ দ্বিমত করবে না। মঙ্গলবার (২৪ মার্চ) সংসদ ভবনে বিশেষ কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। বৈঠকে ১৩৩টি অধ্যাদেশ নিয়ে আলোচনা হয়, যার মধ্যে বেশ কিছু বিষয়ে ঐকমত্য হয়েছে। রফিকুল ইসলাম খান বলেন, আজকের বিশেষ কমিটির প্রথম বৈঠকে ১৩৩টি অধ্যাদেশ নিয়ে আলোচনা শুরু হয়েছে। ধারাবাহিকভাবে আলোচনা চলছে, কোনো কোনো অধ্যাদেশের ব্যাপারে আমরা একমত হয়ে গেছি, আর কিছু বিষয় নিয়ে পরবর্তী মিটিংয়ে আলোচনা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### ব্রাহ্মণবাড়িয়ায় কনটেন্ট ক্রিয়েটরকে বাড়ি থেকে তুলে নিয়ে পিটিয়ে হত্যা

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় দ্বীন ইসলাম (৩৫) নামে এক কনটেন্ট ক্রিয়েটরকে বাড়ি থেকে তুলে নিয়ে পিটিয়ে হত্যার অভিযোগ উঠেছে। মঙ্গলবার (২৪ মার্চ) দুপুরে উপজেলার মেহারী ইউনিয়নের শিমরাইল গ্রামে এ ঘটনা ঘটে। দ্বীন ইসলাম কসবা উপজেলার মেহারী ইউনিয়নের শিমরাইল গ্রামের বাসিন্দা সফিকুল ইসলামের ছেলে। এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, উপজেলার শিমরাইল গ্রামে মঙ্গলবার দুপুরে বেশ

কয়েকজনের একটি সংঘবদ্ধ দল দীন ইসলামকে তার নিজ বাড়ি থেকে জোরপূর্বক তুলে নিয়ে যায়। এরপর তাকে বেধড়ক মারধর করা হয়। তাকে গুরুতর আহত অবস্থায় বুড়ি নদী পার করে পাশের কুমিল্লার বাঙ্গরা থানার গাঙ্গেরকুট এলাকায় ফেলে রেখে যায় দুর্বৃত্তরা। পরে পরিবারের সদস্যরা ৯৯৯ নম্বরে ফোন করলে কসবা থানা পুলিশ ঘটনাস্থলে যায়। কসবা থানার পুলিশ বিষয়টি বাঙ্গরা থানাকে অবহিত করলে পুলিশ দীন ইসলামকে উদ্ধার করে থানায় হস্তান্তর করে। পরে স্থানীয়দের সহায়তায় তাকে কসবা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### ২৫ মার্চ রাতে ১ মিনিট প্রতীকী ব্ল্যাক-আউট হবে না

এবারও ২৫ মার্চ (বুধবার) গণহত্যা দিবসে এক মিনিট প্রতীকী ব্ল্যাক আউট হবে না। যদিও মঙ্গলবার (২৪ মার্চ) সকালে সরকারি এক তথ্য বিবরণীতে জানানো হয়েছিল, ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতের প্রথম প্রহর স্মরণ করে রাত ১০টা ৩০ মিনিট থেকে ১০টা ৩১ মিনিট পর্যন্ত সারাদেশে প্রতীকী 'ব্ল্যাক আউট' পালন করা হবে। তবে কেপিআই, জরুরি স্থাপনা, বাংলাদেশে অবস্থিত বিদেশি মিশন এ কর্মসূচির আওতামুক্ত থাকবে। কিন্তু রাতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের সাংবাদিকদের কাছে পাঠানো এক বার্তায় জানান, ২৫ তারিখ রাতে ১ মিনিটের ব্ল্যাক আউট হবে না। তবে কেন পালন করা হবে না- এ বিষয়ে তিনি বিস্তারিত কিছু জানাননি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### তরুণ প্রবাসী ফুটবলারের জোড়া গোলে পাকিস্তানকে হারালো বাংলাদেশ

সাত দলের টুর্নামেন্টের খেলা হচ্ছে দুই গ্রুপে। বাংলাদেশকে নিয়ে 'বি' গ্রুপের দিকেই নজর সবার। এখানে অন্য দুই দল যে ভারত ও পাকিস্তান। তিন দলের গ্রুপটা রোমাঞ্চকর। একটি ম্যাচ জিতলেই সেমিফাইনালে ওঠার পথটা প্রায় পরিষ্কার। বাংলাদেশ ও ভারত দুই দলের টার্গেট ছিল পাকিস্তান। বাংলাদেশ সেই লক্ষ্যটা পূরণ করতে পেরেছে প্রথম ম্যাচেই। ফলে সেমিতে এক পা দিয়ে রেখেছে লাল-সবুজ জার্সিধারীরা। 'এ' গ্রুপের ম্যাচ দিয়ে মালের রাজধানী মাতে টুর্নামেন্টের পর্দা উঠেছে সোমবার। মঙ্গলবার শুরু হলো বাংলাদেশ গ্রুপের খেলা। বৃহস্পতিবার পাকিস্তানের বিপক্ষে ভারত জিতলে ভারতের সাথে বাংলাদেশেরও সেমিফাইনাল নিশ্চিত হয়ে যাবে। তখন ভারতের বিপক্ষে বাংলাদেশের ম্যাচটি হবে গ্রুপ সেরা হওয়ার লড়াই। এই ম্যাচে বাংলাদেশের আলোচনার কেন্দ্রে ছিলেন প্রবাসী ফুটবলার রোনান সুলিভান। অভিষেক ম্যাচেই করেছেন জোড়া গোল। তার দুটি লক্ষ্যভেদেই বাংলাদেশ প্রথম ম্যাচ জিতে সেমিফাইনালের পথে বাড়িয়ে রেখেছে এক পা। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### জনরায়কে আওয়ামী লীগের মতো বিএনপিও ভয় পায় : গোলাম পরওয়ার

জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, “জনরায়কে আওয়ামী লীগের মতো বিএনপিও ভয় পায়। এ কারণে স্থানীয় সরকার নির্বাচন না দিয়ে দলীয় লোকজনকে চেয়ারে বসাত্তে। এর পরিণতি শুভ হবে না।” মঙ্গলবার (২৪ মার্চ) কক্সবাজার পাবলিক হলে শহর জামায়াতে ইসলামী আয়োজিত ঈদ পুনর্মিলনীতে প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এসব কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার বলেন, গেল জাতীয় নির্বাচনে এক্সট্রা-অর্ডিনারি ইঞ্জিনিয়ারিং হয়েছে। আমরা আল্লাহর দরবারে মামলা করে দিয়েছি, ফয়সালা তিনিই করবেন। তিনি বলেন, পাঁচ বছর ভেজাল ধরার ইলম অর্জন করতে হবে। সামনে স্থানীয় সরকার নির্বাচন। এ লড়াইয়ে আমাদের জিততে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### বিরোধীদলীয় নেতার একান্ত সচিব হলেন উপ-সচিব মুহাম্মদ ইব্রাহীম

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা (মন্ত্রী পদমর্যাদা) ডা. মো. শফিকুর রহমানের একান্ত সচিব নিয়োগ পেয়েছেন পানিসম্পদ মন্ত্রণালয়ের উপসচিব মুহাম্মদ ইব্রাহীম। তাকে এই নিয়োগ দিয়ে মঙ্গলবার (২৪ মার্চ) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। শফিকুর রহমান বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে তিনি ঢাকা-১৫ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। গত ১২ মার্চ শফিকুর রহমানকে বিরোধীদলীয় নেতার মর্যাদা দিয়ে প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### শহিদদের সন্তান ও আহতদের অবৈতনিক শিক্ষা নিশ্চিত করার নির্দেশ মন্ত্রীর

জুলাই গণ-অভ্যুত্থান ও ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে শহিদদের সন্তান এবং আহতদের জন্য বিশ্ববিদ্যালয় পর্যন্ত অবৈতনিক শিক্ষা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আন ম এছানুল হক মিলন। তিনি ঈদুল ফিতরের ছুটি শেষে মঙ্গলবার (২৪ মার্চ) প্রথম কর্মদিবসে মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় ও আলোচনাকালে এ নির্দেশনা দেন। শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠানটি হয়। এতে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উপস্থিত কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মন্ত্রী নির্বাচনি ইশতেহার অনুযায়ী, ১৮০ দিনের কর্মসূচি, ২০২৬-২৭ অর্থবছরের পরিকল্পনা ও আগামী পাঁচ বছরের শিক্ষা খাতের উন্নয়ন কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি নির্বাচনি অঙ্গীকার বাস্তবায়নে দ্রুত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষা খাতে আধুনিকায়ন ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন

নিশ্চিত করতে ‘ওয়ান টিচার, ওয়ান ট্যাচ’, মাল্টিমিডিয়া ক্লাসরুম, বাধ্যতামূলক তৃতীয় ভাষা শিক্ষা, সবার জন্য কারিগরি শিক্ষা ও ‘ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি’ কর্মসূচি বাস্তবায়ন করা হবে। এছাড়া, বিনামূল্যে স্কুল ড্রেস ও জুতা দেওয়া, বিদেশে উচ্চশিক্ষার জন্য শিক্ষার্থী ঋণ সুবিধা এবং হাফেজে কোরআনদের সম্মান ও স্বীকৃতি দেওয়ার বিষয়েও জোর দেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### রাজধানীর ৭ হাসপাতাল-ব্লাড ব্যাংকে অভিযান, দুটি বন্ধের নির্দেশ

রাজধানীর কলেজ গেট এলাকার মুক্তিযোদ্ধা টাওয়ারে অভিযান চালিয়ে ছয়টি বেসরকারি হাসপাতাল ও একটি ব্লাড ব্যাংকে গুরুতর অনিয়মের প্রমাণ পেয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এর দায়ে দুটি হাসপাতাল সম্পূর্ণ ও দুটি আংশিক বন্ধ এবং বাকি তিন প্রতিষ্ঠানকে সতর্ক করা হয়েছে। মঙ্গলবার (২৪ মার্চ) স্বাস্থ্য অধিদপ্তরের দুটি দল সাতটি প্রতিষ্ঠান পরিদর্শন করে এ সিদ্ধান্ত দেয়। অভিযানে দেখা যায়, একাধিক হাসপাতালে চিকিৎসার নামে চরম অরাজকতা চলছে। কয়েকটি প্রতিষ্ঠানের নিজস্ব ল্যাবরেটরি না থাকলেও, রোগীদের হাতে তুলে দেওয়া হিটল ভুয়া প্যাথলজিক্যাল রিপোর্ট। এমনকি সংঘর্ষ বা গুলিতে আহত রোগীদের কোনো নিয়মনীতি না মেনে ভর্তি ও চিকিৎসা দেওয়া হিটল। অভিযান শেষে ‘টিজি হাসপাতাল’ সম্পূর্ণ বন্ধের নির্দেশ দেওয়া হয়। সেখানে এনআইসিইউতে চারটি শিশু ভর্তি থাকলেও, কোনো চিকিৎসক উপস্থিত ছিলেন না। এমনকি প্রেসক্রিপশনেও চিকিৎসকের স্বাক্ষর পাওয়া যায়নি। ঝুঁকিপূর্ণ বিবেচনায় আরও কয়েকটি হাসপাতালের আইসিইউ ও এনআইসিইউ কার্যক্রম স্থগিত করা হয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিমন্ত্রীর ভিডিও কল, কথা বললেন রোগীদের সঙ্গে

সিলেটের একটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আকস্মিক তদারকি চালিয়েছেন স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. এম এ মুহিত। তবে সশরীরে নয়, ঢাকায় সচিবালয় থেকে ভিডিও কলের মাধ্যমে তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করেন। প্রতিমন্ত্রী মঙ্গলবার (২৪ মার্চ) দুপুর ১২টার দিকে কল করে দক্ষিণ সুরমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের খোঁজ-খবর নেন। শুরুতে তিনি বহির্বিভাগে চিকিৎসা সেবা নিতে আসা রোগীদের সঙ্গে কথা বলেন। তাদের কাছে সেবার মান ও সরকারি ঔষধ প্রাপ্তি সম্পর্কে সরাসরি জানতে চান। এরপর প্রতিমন্ত্রী দায়িত্বরত চিকিৎসকদের উপস্থিতি যাচাইয়ে হাজিরা খাতা তলব করেন। খাতায় কারা স্বাক্ষর করেছেন এবং বাস্তবে কারা কর্মস্থলে উপস্থিত আছেন, তা তিনি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। এম এ মুহিত চিকিৎসকদের উপস্থিতি ও রোগীদের সন্তুষ্টির কথা জেনে সংশ্লিষ্টদের প্রশংসা করেন। তিনি বলেন, সরকারের নির্দেশনায় দেশের প্রত্যেক নাগরিকের সুচিকিৎসা নিশ্চিত করতে নিরলসভাবে কাজ চলছে। চিকিৎসকদের সেবার মানসিকতা নিয়ে দায়িত্ব পালনের আহ্বান জানান তিনি।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### অননুমোদিত ও মানহীন ক্লিনিক বন্ধে ‘জিরো টলারেন্স’ দেখানো হবে

দেশের স্বাস্থ্যসেবা খাতের মানোন্নয়নে কোনো ধরনের ‘অননুমোদিত ও মানহীন’ ক্লিনিক চলতে দেওয়া হবে না বলে আবারও জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন। তিনি এ ব্যাপারে সরকারের ‘জিরো টলারেন্স’ নীতির কথাও স্পষ্ট করেছেন। মঙ্গলবার (২৪ মার্চ) সচিবালয়ে ঈদের ছুটি শেষে মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়ের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কঠোর নির্দেশনা দিয়েছেন। সে অনুযায়ী অনিয়মকারী ক্লিনিক মালিকদের বিরুদ্ধে ‘জিরো টলারেন্স’ নীতি অনুসরণ করা হবে। তিনি বলেন, কোনো ক্লিনিক ন্যূনতম চিকিৎসা সেবার মান বজায় রাখতে ব্যর্থ হলে কালক্ষেপণ না করে তাৎক্ষণিকভাবে তা বন্ধ করে দেওয়া হবে। রাজধানী থেকে শুরু হওয়া এই তদারকি কার্যক্রম পর্যায়ক্রমে সারাদেশে বিস্তৃত করা হবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### আদালত প্রাপ্ত মাসুদ উদ্দিনের ওপর ময়লা পানি-পচা ডিম নিষ্ক্ষেপ

মানবপাচার মামলায় পাঁচদিনের রিমান্ড মঞ্জুরের পর আদালত প্রাপ্ত মাসুদ উদ্দিন চৌধুরীর ওপর ময়লা পানি ও পচা ডিম ছোড়ার ঘটনা ঘটেছে। এতে মুহুর্তের মধ্যে আদালত এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। মঙ্গলবার (২৪ মার্চ) বিকেলে ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালত প্রাপ্ত এ ঘটনা ঘটে। এর আগে, একই আদালত মানবপাচার আইনে দায়ের করা একটি মামলায় তাকে পাঁচদিনের রিমান্ডে নেওয়ার নির্দেশ দেন। আদালত সূত্র জানায়, বিকেল ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) একটি দল তাকে মাইক্রোবাসে করে আদালতে নিয়ে আসে। কিছুক্ষণের মধ্যেই তাকে এজলাসে তোলা হয়। মামলার তদন্ত কর্মকর্তা ডিবির উপ-পরিদর্শক (এসআই) রায়হানুর রহমান জিজ্ঞাসাবাদের জন্য তার পাঁচদিনের রিমান্ড আবেদন করেন। রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিকিউটর ওমর ফারুক ফারুকী রিমান্ডের পক্ষে শুনানি করেন। অন্যদিকে, আসামিপক্ষের আইনজীবী মোরশেদ হোসেন রিমান্ড বাতিল চেয়ে জামিন আবেদন করেন। শুনানি শেষে বিচারক পাঁচদিনের রিমান্ড মঞ্জুর করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৩.২০২৬ রিহাব)

### **UK TROOPS SHOOT DOWN 14 DRONES IN IRAQ OVERNIGHT**

British forces shot down 14 drones overnight at a coalition base in Erbil in northern Iraq - the largest number in recent weeks. Members of the RAF Regiment have been protecting the base with an Air Defence System known as Rapid Sentry. The Coalition base in Erbil has come under repeated attacks from Iranian drones over the past three weeks.

(BBC News Web Page: 24/03/26, FARUK)

### **IRAN APPOINTS NEW SECURITY CHIEF AFTER LARIJANI'S KILLING**

Iranian outlets are reporting that Mohammad Bagher Zolghar has been appointed the secretary of the Supreme National Security Council (SNSC), according to an official in Iran's presidential office. The appointment follows the killing of the previous top security official Ali Larijani on 17 March. Zolghar has held numerous senior positions, including IRGC deputy commander, deputy interior minister for security affairs, deputy head of the judiciary and secretary of the powerful Expediency Council. (BBC News Web Page: 24/03/26, FARUK)

### **PHILIPPINES DECLARES STATE OF ENERGY EMERGENCY**

The Philippines has become the first country in the world to formally declare a state of national energy emergency in response to the Middle East conflict – and few nations are more exposed to the disruption to oil supplies. The country imports 98% of its oil from the Persian Gulf, and Filipino consumers have already endured multiple fuel price hikes over the past three weeks. The price of diesel and petrol has more than doubled since the war broke out. In the Executive Order President Ferdinand Marcos Jr. cited an “imminent danger” to the country’s energy supply, saying the declaration would give the government the legal authority to impose measures to ensure energy stability and protect the broader economy. Under the order, a committee has been formed to oversee the orderly distribution of fuel, food, medicines, and other essential goods. The government has also been empowered to directly purchase fuel and petroleum products to shore up supplies.

(BBC News Web Page: 24/03/26, FARUK)

### **PAKISTANI PM OFFERS TO HOST IRAN-US PEACE TALKS AS INDIA'S MODI SPEAKS TO TRUMP**

Pakistan’s Prime Minister Shehbaz Sharif has volunteered his country as a venue for peace talks between Iran and the US. “Subject to concurrence by the US and Iran, Pakistan stands ready and honoured to be the host to facilitate meaningful and conclusive talks for a comprehensive settlement of the ongoing conflict,” he writes on social media. Meanwhile India’s Prime Minister Narendra Modi says he has had a phone call with US President Donald Trump, in which the pair “had a useful exchange of views on the situation in West Asia”. Modi says he and Trump agreed to keep in touch “regarding efforts towards peace and stability”, and stresses that ensuring the Strait of Hormuz “remains open, secure and accessible is essential for the whole world”. (BBC News Web Page: 24/03/26, FARUK)

### **QATAR SAYS IT IS NOT CONSIDERING CLOSING US BASE**

A Qatari government spokesman has denied a media report that a proposed US-Iran deal might include closing the giant US-run airbase at Al-Udeid, here in Qatar. He said if anything, the current crisis will strengthen the existing partnerships that Qatar and the Gulf Cooperation Council states have, including with the US.

(BBC News Web Page: 24/03/26, FARUK)

### **ISRAEL SAYS IT WILL TAKE CONTROL OF LARGE BUFFER ZONE IN SOUTHERN LEBANON**

Israeli troops will control a large swathe of southern Lebanon as part of their campaign against Hezbollah, Defence Minister Israel Katz says. Katz said troops would establish a security zone up to the Litani River, about 30km from the Lebanon-Israel border and displaced residents would not be allowed back until northern Israel was safe. Five bridges “used by Hezbollah for the passage of terrorists and weapons” had been blown up, he said. The latest escalation began after Iranian-backed Hezbollah fired rockets into northern Israel in retaliation for the killing of Iran’s supreme leader and near-daily Israeli attacks on Lebanon despite the November 2024 ceasefire. Since then, more than 1,000 people have been killed in Lebanon, according to the Lebanese health ministry, including at least 118 children and 40 health workers. (BBC News Web Page: 24/03/26, FARUK)

### **AT LEAST FIVE KILLED IN MASSIVE WAVE OF RUSSIAN STRIKES ACROSS UKRAINE: OFFICIALS**

At least five people have been killed in Russian strikes across Ukraine, after a massive overnight aerial bombardment targeted several regions across the country. A 61-year-old woman was killed when a drone hit an electric train in Kharkiv early on Tuesday, authorities said, while other deaths were reported in Zaporizhzhia, Kherson and Poltava. Officials said the attacks were among the worst in ten days, and came hours after Ukrainian President Volodymyr Zelensky had warned of a forthcoming “massive strike” in his nightly address. Russian strikes targeting energy infrastructure also disconnected Moldova’s key power link with Europe, President Maia Sandu said, warning the situation remained “fragile”.

(BBC News Web Page: 24/03/26, FARUK)

### **AUSTRALIA AND EU AGREE SWEEPING TRADE DEAL IN FACE OF GLOBAL UNCERTAINTY**

Australia and the European Union have agreed a sweeping free trade deal after eight years of negotiations. The deal signed in Canberra is worth about A\$10bn and was described as a mutual “win-win” by Australia’s prime minister and the visiting European Commission President Ursula von der Leyen. She described the deal as having a focus on “collective resilience” in a world that is “deeply challenging”. As well as removing almost all tariffs on trade, the two sides agreed to increase co-operation on defence and critical minerals. European carmakers welcomed the deal but farmers in both Europe and Australia were unhappy at export quotas agreed for Australian beef and lamb.

(BBC News Web Page: 24/03/26, FARUK)

### **SEARCH FOR FOUR MISSING SOLDIERS AFTER COLOMBIA PLANE CRASH KILLS 66**

Rescue workers in Colombia are searching for four people who are missing after a military plane crashed in the south of the country. Sixty-six members of the Colombian security forces were killed on Monday, when the Hercules C-130 transport plane came down shortly after take-off near Colombia’s border with Peru. Locals were first to the scene, pulling out dozens of injured survivors from the burning wreckage and ferrying them to hospitals on the back of their motorbikes. An investigation is under way to determine the cause of the accident. (BBC News Web Page: 24/03/26, FARUK)

### **IRISH GOVERNMENT TO CUT EXCISE DUTY ON DIESEL AND PETROL**

Excise duty on petrol and diesel is set to be cut by the Irish government in a bid to help people with volatile prices caused by the war in the Middle East. From midnight on Wednesday until the end of May, excise duty on diesel will be reduced by 20 cent and petrol by 15 cent. The proposals, which were agreed at a leaders meeting on Monday, will be brought to cabinet for approval on Tuesday. A diesel rebate scheme for hauliers and bus operators is also expected, which will be backdated.

(BBC News Web Page: 24/03/26, FARUK)

### **ULTIMATUM, DIPLOMACY AND A TRIP TO GRACELAND AS TRUMP EYES A DEAL WITH IRAN**

America may be a nation at war, but President Donald Trump’s activities over the past few days have been a mix of diplomacy and diversions – with the occasional swing towards the surreal. On Friday, he said the US war against Iran was “winding down”. By Saturday night, he had given Iran a 48-hour deadline to reopen the Strait of Hormuz or face withering new American airstrikes. The next day, he golfed and spent the afternoon at his Mar-a-Lago resort in Florida. By Monday morning, with global markets swooning, he said the Iranians were engaging in “constructive” talks with the US. Then he flew to Memphis, Tennessee, gave a speech and visited Graceland, music legend Elvis Presley’s historic home. Meanwhile, US and Israeli airstrikes on Iranian targets are ongoing. The Iranians continue to fire missiles and launch drones against US forces and its Middle East allies. Traffic through Hormuz remains limited. (BBC News Web Page: 24/03/26, FARUK)

### **UK AND FRANCE BUILDING COALITION TO SECURE HORMUZ: OFFICIALS**

Defence officials say the UK, with France, is helping build a coalition of countries to help secure the Strait of Hormuz – “once conditions allow”. The UK has offered to host a security conference on the key channel for global oil shipments in either Portsmouth or London in the near future to develop plans. Officials say that any mission will require a coalition of Navies to provide reassurance to merchant shipping, but emphasized that any plans to escort tankers would be dictated by the threat – which is currently too high. Officials say it will

require a multinational solution involving crewed and autonomous vessels to help clear a path for safe passage and to deal with the threat of mines.  
(BBC News Web Page: 24/03/26, FARUK)

**:: THE END ::**